দৈনিক
চাঁদপুর দিগন্ত

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

বুধবার
রেজিঃ নং-চ-৫১৩
১৪ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৭১
২৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুরে মা ইলিশ সংরক্ষণে ভিজিএফের চাল বিতরণ ও জনসচেতনতামূলক সভা

সরকারি সহায়তার চেয়েও জেলেদের মানসিক অঙ্গীকারই গুরুত্বপূর্ণ

------মৎস্য মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ

নিষেধাজ্ঞাকালীন সময়ে খাদ্যসহায়তা প্রদানের লক্ষ্যে জেলেদের মাঝে ভিজিএফের চাল বিতরণ করছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ।

স্টাফ রিপোর্টার

মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করা, ইলিশের উৎপাদন বৃদ্ধি এবং জেলেদের নিষেধাজ্ঞাকালীন সময়ে খাদ্যসহায়তা প্রদানের লক্ষ্যে চাঁদপুরে ভিজিএফের চাল বিতরণ ও জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে।
মঙ্গলবার (১৩ অক্টোবর) সকাল ১১টায় চাঁদপুর সদর উপজেলার পশ্চিম দাসাদী বড় খান বাড়ির মাঠে মৎস্য অধিদপ্তর, চাঁদপুরের উদ্যোগে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ।
তিনি তার বক্তব্যে বলেন, বুকে হাত দিয়ে বলুন, কোনো ইলিশ ধরব না। মা ইলিশ সংরক্ষণে জেলেদের নিজেদের দায়িত্ববোধ থেকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে তিনি বলেন, ইলিশের প্রজনন মৌসুমে নিষেধাজ্ঞা মেনে চলা দেশের মৎস্যসম্পদ রক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাময়িকভাবে মাছ ধরা বন্ধ রাখার মধ্য দিয়েই ভবিষ্যতে আরও ● ২-এর পাতায় দেখুন

মতলবে বিল থেকে নারীর কম্বলে মোড়ানো মরদেহ উদ্ধার

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলার অজ্ঞাত পরিচয়ের মধ্য বয়স্ক এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।
মঙ্গলবার সকাল ১০টার দিকে মতলব পৌরসভার ৪নং ওয়ার্ডের চরমুকুন্দী গ্রামের জোড় ব্রিজ এলাকা থেকে মরদেহটি উদ্ধার করা হয় বলে জানিয়েছেন মতলব দক্ষিণ ● ৩-এর পাতায় দেখুন

এসএসসি-এইচএসসিতে দুই বিষয়ে ফেল করলে ১৫ দিনের মধ্যে পরীক্ষা : শিক্ষামন্ত্রী

দিগন্ত ডেস্ক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় কোনো শিক্ষার্থী সর্বোচ্চ দুই বিষয়ে ফেল করলে ১৫ দিনের মধ্যে আবারও পরীক্ষা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।
মঙ্গলবার (১৩ অক্টোবর) সকালে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমিতে ৪৯তম বিসিএস (শিক্ষা) ক্যাডারের প্রশিক্ষণ অনুষ্ঠানের উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ ● ৩-এর পাতায় দেখুন

ড. ইউনূসের ওপর হামলার দায় ফ্যাসিস্ট হাসিনারই : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

যুক্তরাষ্ট্রে সাবেক অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসকে হেনস্তার ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশ থেকে পালিয়ে যাওয়া পরাজিত ফ্যাসিস্ট শেখ হাসিনা সুদূর যুক্তরাষ্ট্রেও সন্ত্রাসী কর্মকাণ্ড চালাতে তার অনুসারীদের উসকানি দিচ্ছেন। ড. ইউনূসের ● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে পুকুরে ডুবে ৩ বছরের শিশুর মৃত্যু

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলার বড়কুল পূর্ব ইউনিয়নের এন্নাতলী মুন্সীবাড়িতে পুকুরের পানিতে ডুবে তিন বছর বয়সী এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।
মঙ্গলবার (১৩ অক্টোবর) বিকেলে বাড়ির পুকুরের পানিতে ডুবে শিশুটির মৃত্যু হয়।
শিশুটির এমন অকাল মৃত্যুতে পরিবার ও স্বজনদের মাঝে শোকের ছায়া নেমে এসেছে।

দীর্ঘ দুই বছর ধরে নির্মাণকাজ থমকে থাকা খানাখন্দে ভরা ফরিদগঞ্জ-কালীরবাজার সড়ক।

সামান্য কাজেই পৌনে ২ কোটি টাকা উত্তোলন

২ বছরেও শেষ হয়নি ফরিদগঞ্জ-কালীরবাজার সড়ক

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলা সদর থেকে কালীরবাজার পর্যন্ত গুরুত্বপূর্ণ প্রধান সড়কটির উন্নয়নকাজ গত দুই বছর ধরে থমকে রয়েছে। প্রায় ৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ের সরকারি এ প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার রেজাউল করিমের বিরুদ্ধে চরম অবহেলা, ঢিলেঢালা ভাব ও প্রতারণামূলক কালক্ষেপণের অভিযোগ উঠেছে।
সামান্য কিছু কালভার্ট ও সম্প্রসারণের কাজ দেখিয়ে ইতিমধ্যে রাজস্ব খাত থেকে প্রায় ১ কোটি ৪০ লাখ টাকার বিল তুলে নেওয়া হলেও প্রধান সড়কের কাজ ফেলে রাখা হয়েছে। ফলে প্রতিদিন জীবনের ঝুঁকি ও ধুলোবালির চরম ভোগান্তি মাথায় নিয়ে চলাচল করতে হচ্ছে উপজেলাটির প্রায় লক্ষাধিক মানুষকে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) আওতাধীন ‘রুরাল কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (RCIP-AF2)’-এর অধীনে প্রায় ৬ কোটি টাকা ব্যয়ে সড়কটির পুনর্নির্মাণ ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা।

চাঁদপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

‘দুর্যোগে আমরা কখনো বিচলিত হব না’

-----অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা

স্টাফ রিপোর্টার

‘ঘর থেকে শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি’- এ প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ভূমিকম্প ও অগ্নিকাণ্ডবিষয়ক সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি সম্পর্কে বাস্তব ধারণা দিতে সচেতনতামূলক মহড়া অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির ● ৩-এর পাতায় দেখুন

খতমে নবুওয়ত সংরক্ষণ কমিটির চাঁদপুর জেলা কমিটি গঠন

স্টাফ রিপোর্টার

খতমে নবুওয়ত সংরক্ষণ কমিটি বাংলাদেশের চাঁদপুর জেলা কমিটি গঠন করা হয়েছে। এতে মাওলানা আবু হানিফকে সভাপতি, মাওলানা লেয়াকত আলীকে সিনিয়র সহসভাপতি, মাওলানা মাহবুবুর রহমানকে সাধারণ সম্পাদক এবং মাওলানা আবুল হাসানকে সাংগঠনিক সম্পাদক করা হয়েছে। ● ৩-এর পাতায় দেখুন

হাইমচরে ইলিশ শিকারের দায়ে কারাদণ্ডপ্রাপ্ত ২৪ জেলে।

হাইমচরে ইলিশ শিকারের দায়ে ২৪ জেলের কারাদণ্ড

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলার মেঘনা নদীর অভয়াশ্রম এলাকায় নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ শিকারের দায়ে আটক ২৮ জেলের মধ্যে ২৪ জনকে ২০ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।
এ সময় জেলেদের হেফাজতে থাকা ১ লাখ মিটার অবৈধ কারেন্ট জাল, ১৫ কেজি মা ইলিশ ও ৬ টি মাছ ধরার নৌকা জব্দ করা হয়।
মঙ্গলবার (১৩ অক্টোবর) বিকেলে এসব তথ্য নিশ্চিত করেন, হাইমচর উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মো. মাহবুবুর রশীদ।
প্রাপ্ত তথ্যে জানাগেছে, সোমবার বিকেল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত মেঘনা নদীর বিভিন্ন পয়েন্টে হাইমচর উপজেলা প্রশাসন, সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, নীলকমল নৌ পুলিশ ফাঁড়ি ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রিসহ নানা অনিয়মে ৪ প্রতিষ্ঠানকে জরিমানা

সদর প্রতিনিধি

চাঁদপুর মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রির, মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনায় অনিয়ম এবং মূল্য তালিকা না রাখা দায়ে চারটি প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
মঙ্গলবার (১৩ অক্টোবর) দুপুরে চাঁদপুর সদরের বহরিয়া বাজার ও হরিণা ফেরিঘাট এলাকায় এ অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান।
অভিযানে মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রির জন্য সংরক্ষণের দায়ে হিরা ডেন্টাল কেয়ার ও ফার্মেসিকে ৫ হাজার টাকা এবং মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা যথাযথভাবে অনুসরণ না করায় ফাতেমা মেডিকেল হলকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।
এ ছাড়া মূল্য তালিকা না রাখা ও মেয়াদবিহীন পণ্য বিক্রির দায়ে ● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে নবাগত এসিল্যান্ড আনিসুর রহমানকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন উপজেলা ও পৌর জামায়াতে ইসলামী নেতৃবৃন্দ।

ফরিদগঞ্জে নবাগত এসিল্যান্ড আনিসুর রহমানকে জামায়াতের ফুলেল শুভেচ্ছা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলার নবাগত সহকারী কমিশনার (ভূমি) আনিসুর রহমানের যোগদান উপলক্ষে তাঁকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ফরিদগঞ্জ উপজেলা ও পৌরসভা শাখার নেতৃবৃন্দ।
মঙ্গলবার (১৩ অক্টোবর) বিকেল ৪টায় ফরিদগঞ্জ সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ে এ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়।
?এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর চাঁদপুর জেলা সহকারী সেক্রেটারি অধ্যক্ষ হারুন আর-রশিদ, ফরিদগঞ্জ উপজেলা জামায়াতের আমীর মাওলানা ইউনূছ হেলাল, উপজেলা জামায়াতের সেক্রেটারি ও জামায়াত মনোনীত চেয়ারম্যান প্রার্থী সাখাওয়াত হোসেন, ফরিদগঞ্জ পৌরসভা জামায়াতের ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে ব্যবসায়ী কাজী হুমায়ুন আটক!

স্টাফ রিপোর্টার

চাঁদপুর শহরে দোকানের বিরোধকে কেন্দ্র করে ব্যবসায়ী কাজী হুমায়ুনকে আটক করেছে মডেল থানা পুলিশ। মঙ্গলবার (১৩ অক্টোবর) শহরের ছায়াবানী মোড়ে সিয়াম স্টোর থেকে তাকে আটক করা হয়।
এই ঘটনায় ভুক্তভোগী পরিবার ● ৩-এর পাতায় দেখুন

সংবাদপত্রের সরকারি বিজ্ঞাপনের মূল্যহার পুনর্নির্ধারণ

দিগন্ত ডেস্ক

প্রচার সংখ্যা ও প্রকাশনাস্থলভেদে সংবাদপত্রের সরকারি বিজ্ঞাপনের মূল্যহার পুনর্নির্ধারণ করেছে সরকার। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ঢাকা, চট্টগ্রাম, রংপুর ও সিলেটসহ বিভিন্ন বিভাগীয় শহর, জেলা শহর এবং অন্যান্য স্থান থেকে প্রকাশিত দৈনিক সংবাদপত্রের জন্য পৃথক বিজ্ঞাপন হার নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন মেয়াদে প্রকাশিত পত্রিকা ও সাময়িকীর বিজ্ঞাপন মূল্যহারও পুনর্নির্ধারণ করা হয়েছে। ● ৩-এর পাতায় দেখুন

হাইমচরে গাঁজা ও ইয়াবাসহ গ্রেপ্তার ২

হাইমচর প্রতিনিধি

হাইমচরে পুলিশের পৃথক অভিযানে ৩৫ গ্রাম গাঁজা ও দুই পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা দায়ের করে দুইজনকে গ্রেপ্তার করেছে হাইমচর থানা পুলিশ।
পুলিশের প্রেস বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, সোমবার (১২ অক্টোবর) রাত ৮টা ৩৫ মিনিটে হাইমচর থানার পুলিশ সদস্যরা উত্তর বগুলা সর্দার বাড়ি জামে মসজিদের সামনে পাকা সড়কে অভিযান চালান। এ সময় লক্ষ্মীপুরের রায়পুর উপজেলার উদমারা সর্দার বাড়ির বাসিন্দা নুরুল ইসলাম (৩৬) নামের এক ব্যক্তিকে আটক করা হয়। পরে তাঁর হেফাজত থেকে ৩৫ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। এ ঘটনায় হাইমচর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১৯(ক) ধারায় মামলা ● ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে কৃষিজমি ভরাটের দায়ে ১ লাখ টাকা জরিমানা

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি উপজেলায় আজ কৃষিজমি ভরাটের দায়ে সুভাষ বর্মন (৪৮) নামের এক ব্যক্তিকে একলাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।
মঙ্গলবার (১৩ অক্টোবর) দুপুরে শাহরাস্তি পৌর এলাকার সাহাপুর মৌজায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে নেতৃত্ব দেন উপজেলার ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুর প্রেস ক্লাব সদস্যদের সন্তানদের মেধা পুরস্কার প্রদানে আবেদন আহ্বান

চাঁদপুর প্রেস ক্লাবের উদ্যোগে প্রেসক্লাব সদস্যদের পরিবারের সন্তানদের লেখাপড়ায় উৎসাহ প্রদান, মেধার বিকাশ এবং শিক্ষাক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অর্জনকে স্বীকৃতি দেওয়ার লক্ষ্যে ‘চাঁদপুর প্রেস ক্লাব সদস্যদের পরিবারের সন্তানদের মেধা পুরস্কার২০২৬’ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষে চাঁদপুর প্রেস ক্লাবের সকল সদস্যকে তাঁদের যেসব সন্তান ২০২৬ সালে অনুষ্ঠিত এসএসসি, দাখিল, এইচএসসি, আলিম ও সমমানের পরীক্ষায় জিপিএ-৫ (এ প্লাস) অর্জন করে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে, তাদের তথ্য প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রেস ক্লাব কার্যালয়ে জমা দেওয়ার জন্য আহ্বান জানিয়েছেন চাঁদপুর প্রেস ক্লাব সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফ। তথ্য জমা দেওয়ার ● ৩-এর পাতায় দেখুন

অনৈতিক কর্মকাণ্ডে জড়ালে আইনজীবীদের বিরুদ্ধে ব্যবস্থা: অ্যাটর্নি জেনারেল

নিজস্ব প্রতিবেদক

আইন পেশায় যুক্ত কেউ অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে, তিনি যত প্রভাবশালীই হোন না কেন, তার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল ও বাংলাদেশ বার কাউন্সিলের চেয়ারম্যান মো. রুহুল কুদ্দুস কাজল।
মঙ্গলবার (১৩ অক্টোবর) সুপ্রিম কোর্ট অডিটোরিয়ামে অ্যাটর্নি জেনারেলের কার্যালয় ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) যৌথ উদ্যোগে পরিচালিত আইন ● ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ১৪ অক্টোবর

১৩২২ সালে স্কটল্যান্ডের রবার্ট দ্য ব্রুস ওল্ড বাইল্যান্ডের যুদ্ধে ইংল্যান্ডের দ্বিতীয় এডওয়ার্ডকে পরাজিত করেন, ফলে ইংল্যান্ড স্কটল্যান্ডের স্বাধীনতা মেনে নিতে বাধ্য হয়। ১৮০৬ সালে ফ্রান্স ও রাশিয়ার মধ্যে ইয়েনার যুদ্ধ সংঘটিত হয়। ১৯৫৫ সালে পূর্ববাংলার নাম পরিবর্তন করে পূর্ব পাকিস্তান রাখা হয়। ১৯৯১ সালে বার্মার বিরোধী নেত্রী অং সান সু চি নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। ১৭৭২ সালে জন্মগ্রহন করেন বাউল কবি লালন শাহ। এইদিন বিশ্ব মান দিবস পালিত হয়।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল
বুধবার ১৪ অক্টোবর ২০২৬, ২৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

৩৫ বছরের পর আর আইনজীবী হওয়ার সুযোগ থাকছে না : আইনমন্ত্রী

দিগন্ত ডেস্ক

৩৫ বছর বয়সের পর আইনজীবী হওয়ার পথ বন্ধ করা হচ্ছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। এই সিদ্ধান্ত ২০৩০ সালের ১ জানুয়ারি থেকে কার্যকর হবে। চলতি বছরের ১৯ আগস্ট বার কাউন্সিল এ সিদ্ধান্ত নিয়েছে।
মঙ্গলবার অ্যাটর্নি জেনারেলের কার্যালয় ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), ২-এর পাতায় দেখুন

রাষ্ট্রের উদাসীনতায় অগ্নিকাণ্ডে মানুষ সর্বস্ব হারাচ্ছে : সাদিক কায়েম

দিগন্ত ডেস্ক

রাজধানীর চকবাজারের মনসুর খান প্লাজায় সংঘটিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসাপ্রতিষ্ঠান পরিদর্শন করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র পদপ্রার্থী ও ডাকসু ভিপি সাদিক কায়েম। মঙ্গলবার বিকেলে তিনি এই পরিদর্শনে যান।
এ সময় সিটি করপোরেশনের অব্যবস্থাপনা আর রাষ্ট্রের উদাসীনতায় অগ্নিকাণ্ডে মানুষ সর্বস্ব হারাচ্ছে মন্তব্য করে সাদিক কায়েম বলেন, এসব অগ্নিকাণ্ডের জন্য সবচেয়ে বেশি দায়ী হচ্ছে সিটি করপোরেশন। কারণ, তারা বিল্ডিং কোড মেনে ভবন নির্মাণ হচ্ছে কি না, সেটি যথাযথভাবে তদারকি করছে না। অন্যদিকে, অগ্নিকাণ্ড সংঘটিত হলে দ্রুত নিয়ন্ত্রণ ও নির্বাপণের জন্য ফায়ার সার্ভিস স্টেশনগুলোতে প্রয়োজনীয় সরঞ্জাম নেই এবং ফায়ার ফাইটারদের উন্নত প্রশিক্ষণের কোনো ব্যবস্থা নেই। ফলে অগ্নিকাণ্ডে ক্ষতির হার অনেক বেশি হয়ে থাকে। তিনি ২-এর পাতায় দেখুন

চাঁদপুর নদী কেন্দ্র মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কার্যক্রম পরিদর্শন ও মতবিনিময়

দেশকে এগিয়ে নিতে কৃষক-কৃষিকে গুরুত্ব দিতে হবে

-------মৎস্য মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ

চাঁদপুর নদী কেন্দ্র মৎস্য গবেষণা ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রম পরিদর্শন ও মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষি মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ।

স্টাফ রিপোর্টার

মৎস্যসম্পদ সংরক্ষণ, বিলুপ্তপ্রায় দেশীয় মাছের প্রজাতি রক্ষা, ইলিশের উৎপাদন বৃদ্ধি এবং মৎস্য খাতের উন্নয়নে গবেষণার ওপর গুরুত্বারোপ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষি মন্ত্রণালয়ের মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ।
তিনি বলেছেন, দেশের মৎস্য ও কৃষি খাতকে আরও এগিয়ে নিতে বাস্তবসম্মত পরিকল্পনা ও কার্যকর প্রস্তাবনা প্রয়োজন। এ ক্ষেত্রে গবেষক, সংশ্লিষ্ট কর্মকর্তা ও মাঠপর্যায়ে কাজ করা ব্যক্তিদের সমন্বিতভাবে কাজ করতে হবে।
মঙ্গলবার (১৩ অক্টোবর) দুপুর পৌনে ৩টায় চাঁদপুর নদী কেন্দ্র মৎস্য গবেষণা ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রম পরিদর্শন ও মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেন, আমি বাস্তববাদী ও খেটে খাওয়া মানুষ। দেশের ৭৫ ভাগ মানুষ কৃষির সঙ্গে জড়িত। আগামী দিনগুলোতে আমরা আরও অনেক দূর এগিয়ে যাব। এ জন্য আপনাদের কাছ থেকে বাস্তববাদী প্রস্তাবনা ২-এর পাতায় দেখুন

মালয়েশিয়ার আলবুখারি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (এআইইউ)-এর শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় সভায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) প্রতিষ্ঠাতা ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এবং ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান ড. মো. সবুর খান।

মালয়েশিয়ার আলবুখারি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করলেন ডিআইইউ চেয়ারম্যান ড. মো. সবুর খান

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) প্রতিষ্ঠাতা ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এবং ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান ড. মো. সবুর খান সোমবার, ১২ অক্টোবর ২০২৬ ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ফ্যামিলি কার্ড কর্মসূচির উদ্বোধন।

হাজীগঞ্জে ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহ কার্যক্রমের উদ্বোধন

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় পরিবারভিত্তিক তথ্য সংগ্রহ ও ডাটা এন্ট্রি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।
মঙ্গলবার (১৩ অক্টোবর) সকালে উপজেলার বড়কুল পূর্ব ইউনিয়নের নোয়াদ্দা গ্রামে সফিক মেম্বারের বাড়িতে পরিবার ভিত্তিক ডাটা ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের আলোচনা সভায় সভাপতির বক্তব্য রাখছেন উপজেলা নির্বাহী অফিসার মাহমুদা কুলসুম মনি।

মতলব উত্তরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসে র‍্যালি

শামীম মিয়াজী

ঘর থেকে শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি, এই স্লোগানে মতলব উত্তর উপজেলা প্রশাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখার আয়োজনে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৬ পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার সকালে উপজেলার শিকারীকান্দি আকবরীয়া উচ্চ বিদ্যালয় মাঠে র‍্যালি, আলোচনা সভা ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মাহমুদা কুলসুম মনি। উপসহকারী প্রকৌশলী মোঃ সালাউদ্দিনের ২-এর পাতায় দেখুন

সৌদিতে ৮২ ফ্লাইট ব্যাহত, ভোগান্তিতে ১৩ হাজার যাত্রী

দিগন্ত ডেস্ক

হুতিদের হামলায় সৌদি আরবের বিমানবন্দরগুলোতে বিধি-নিষেধের কারণে ব্যাহত হয়েছে ৮২টি ফ্লাইট। এতে চরম অনিশ্চয়তা ও ভোগান্তিতে পড়েছেন প্রায় ১৩ হাজার যাত্রী।
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) সবশেষ তথ্যমতে, সৌদি আরবগামী এ পর্যন্ত ৩২টি সরাসরি ও ৫০টি ট্রানজিট মিলিয়ে সর্বমোট ৮২টি ফ্লাইট ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে বিমান বাংলাদেশের ১০টি, ইউএস-বাংলার ১০টি, সৌদিয়া এয়ারলাইন্সের ৫টি, রিয়াদ ২-এর পাতায় দেখুন

হাইমচরে নানা আয়োজনে দুর্যোগ প্রশমন দিবস পালিত ।

হাইমচরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

হাইমচর প্রতিনিধি

“ঘর থেকে শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি”-এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরের হাইমচরে নানা আয়োজনে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৬ পালিত হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) সকালে উপজেলা পরিষদ প্রাঙ্গণে দিবসটি উপলক্ষে র‍্যালি, আলোচনা সভা ও সচেতনতামূলক মহড়া অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট দপ্তরের আয়োজনে অনুষ্ঠিত এসব কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম শফিক। সকালে উপজেলা ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে বেগম খালেদা জিয়া স্মরণে মিনিবার টিভি কাপ ফুটবল টুর্ণামেন্ট

মতলব উত্তর দক্ষিণ

“মাদককে না বলুন মাদক ছেড়ে মাঠে আসুন” এই স্লোগানে মতলব উত্তর উপজেলার দাশের আড়ং ফ্রেন্ডস ক্লাব কর্তৃক আয়োজিত বেগম খালেদা জিয়া স্মরণে মিনিবার টিভি কাপ ফুটবল টুর্ণামেন্ট-২০২৬ এর উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার বিকেলে ইন্দুরিয়া দক্ষিণ ইসলামাবাদ গণকবরস্থান সংলগ্ন মাঠে টুর্নামেন্ট উদ্বোধন করেন সুলতানাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ খালেদ হোসেন রাব্বি।
সুলতানাবাদ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ শফিকুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, ২নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ মাসুদ মিয়াজী, ৩নং ওয়ার্ড ইউপি সদস্য ২-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণে দুর্যোগ প্রশমন দিবসের র‍্যালিতে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম ইশমাম।

মতলব দক্ষিণে দুর্যোগ প্রশমন দিবস পালিত

মতলব দক্ষিণ প্রতিনিধি

‘ঘর থেকে শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি’ প্রতিপাদ্যকে সামনে রেখে মতলব দক্ষিণ উপজেলায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৬ পালিত হয়েছে। এ উপলক্ষে র‍্যালি, আলোচনা সভা ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে ঠোঁটকাটা-তালুকাটা রোগীদের বিনামূল্যে অস্ত্রোপচার শুরু

সাইফুদ্দীন

শাহরাস্তিতে জন্মগত ঠোঁটকাটা ও তালুকাটা (ক্লেফট লিপ ও ক্লেফট প্যালেট) সমস্যায় আক্রান্ত রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও অস্ত্রোপচার কর্মসূচি শুরু হয়েছে। বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে পরিচালিত এ কর্মসূচির আওতায় অস্ত্রোপচারের পাশাপাশি প্রয়োজনীয় ২-এর পাতায় দেখুন

উত্তর শাহতলী যোবাইদা বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মুহাম্মদ মোছাদ্দেক হোসেন।

উত্তর শাহতলী যোবাইদা বালক সপ্রাবিতে বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরণ

লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষার কার্যক্রম অত্যন্ত জরুরী

-------জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোছাদ্দেক হোসেন

সদর প্রতিবেদক

বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নের ২৯নং উত্তর শাহতলী যোবাইদা বালক সরকারি ২-এর পাতায় দেখুন

কচুয়া বিশ্বরোডে মাদকবিরোধী সমাবেশ

মাদকমুক্ত সমাজ গঠনে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান

শাহাদাত হোসেন মুন্সী

কচুয়ায় মাদকমুক্ত সমাজ গঠন এবং সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাদকবিরোধী সমাবেশের আয়োজন করা হয়েছে। ১৩ অক্টোবর মঙ্গলবার বিকেল ৩টায় কচুয়া বিশ্বরোড এলাকায় এ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন- কচুয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) আজিজুল ইসলাম ২-এর পাতায় দেখুন

মাদকবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কচুয়া থানা ওসি আজিজুল ইসলাম আকাশ।

আবশ্যক

জনবল কাঠামো, ২০২৬ অনুযায়ী ট্রাস্ট পরিচালিত মাদরাসাতু ইশায়াতিল উলুম, আলিম মাদরাসা, ইসলামপুর গাছতলা, ডাকঃ দারুসসালাম, উপজেলাঃ চাঁদপুর সদর, জেলাঃ চাঁদপুর এর এমপিও ভূক্ত নবসৃষ্ট পদে ১ জন অফিস সহায়ক ও ১ জন পরিচ্ছন্নতা কর্মী আবশ্যক।
শিক্ষাগত যোগ্যতাঃ জেডিসি/জেএসসি/কওমী মাদ্রাসা শিক্ষাবোর্ড কর্তৃক সমমান সনদধারী। বয়স ১৮ থেকে ৩৫ বছর। ইনডেক্সধারীর বয়স শীথিলযোগ্য। বেতন স্কেলঃ ৮২৫০/-, বেতন কোডঃ ২০। আগ্রহী প্রার্থীগণকে সদ্য তোলা ২ কপি ছবি ও সকল কাগজপত্র সহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। -অধ্যক্ষ

চাঁদপুরে নতুন কুঁড়ির ৩ যুগপূর্তি উপলক্ষে মেহেদি উৎসবের প্রস্তুতি সভা

শহর প্রতিনিধি

চাঁদপুর নতুন কুঁড়ি ক্রীড়া ও সাংস্কৃতিক সংগঠনের ৩ যুগপূর্তি উপলক্ষে মেহেদি উৎসব প্রতিযোগিতা-২০২৬-এর প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) সন্ধ্যায় চাঁদপুর সাংস্কৃতিক চর্চা কেন্দ্রে এ সভা অনুষ্ঠিত হয়।
সংগঠনের সহ-সভাপতি নিশাত আক্তার তানিয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ফাতেমা আক্তারের পরিচালনায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন হাজী মনসুর আলী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মো. রিপন বেপারী সেলিম।
আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর সাংস্কৃতিক চর্চা কেন্দ্রের সাবেক সভাপতি তপন সরকার, অনুপম নাট্য গোষ্ঠীর সাধারণ সম্পাদক গোবিন্দ মন্ডল, বহুবচন আবৃত্তি একাডেমির প্রতিষ্ঠাতা এম আর ইসলাম বাবু এবং মেঘনা ক্রিয়েটরের সাবেক সভাপতি তবিবুর রহমান রিংকু প্রমুখ। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন এবং আমন্ত্রিত অতিথিদের ধন্যবাদ জ্ঞাপন করেন নতুন কুঁড়ি ক্রীড়া ও সাংস্কৃতিক ২-এর পাতায় দেখুন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বুধবার ॥ ১৪ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

ঢাকার গণপরিবহনে শৃঙ্খলা বাস্তবায়নের সুনির্দিষ্ট রূপরেখা প্রয়োজন

ঢাকার গণপরিবহনে শৃঙ্খলা ফেরাতে ফ্র্যাঞ্চাইজিভিত্তিক বাসব্যবস্থা চালুর সিদ্ধান্ত ইতিবাচক। একই রুটে যাত্রী ধরার প্রতিযোগিতা, যত্রতত্র বাস থামানো ও চালকদের বেপরোয়া আচরণের অবসান জরুরি। নির্দিষ্ট কোম্পানির অধীনে বাস পরিচালনা, চালকদের মাসিক বেতন, নির্ধারিত স্টপেজ ও সময়সূচি মেনে চলাচল সেই পরিবর্তনের পথ তৈরি করতে পারে। কিন্তু একই ধরনের সিদ্ধান্ত অতীতেও নেওয়া হয়েছে, কিন্তু বাস্তবসম্মত কারণেই তা বাস্তবায়িত হয়নি। তাই এবারের সিদ্ধান্তের ইতিবাচকতা নির্ভর করবে তার কার্যকর বাস্তবায়নের ওপর। ২০০৪ সালের কৌশলগত পরিবহন পরিকল্পনায় ফ্র্যাঞ্চাইজি ব্যবস্থার প্রস্তাব ছিল। ২০১৫ সালে মেয়র আনিসুল হকও একই ধরনের উদ্যোগ নিয়েছিলেন। পরে পরীক্ষামূলক সেবাও চালু হয়। কিন্তু একই পথে অন্য কোম্পানির বাস চলাচল অব্যাহত থাকায় পরিকল্পিত সেবাটি প্রতিযোগিতায় টিকতে পারেনি। কয়েক কোটি টাকা ব্যয়ে নির্মিত যাত্রীছাউনিও অকার্যকর অবস্থায় পড়ে রয়েছে। অতীতের এই ব্যর্থতার কারণ দূর না করে নতুন সময়সীমা ঘোষণা করলে পরিস্থিতি বদলানোর নিশ্চয়তা নেই। বাসমালিকদের অনাগ্রহ, রাজনৈতিক প্রভাব এবং সরকারি সংস্থাগুলোর সমন্বয়হীনতা আগের উদ্যোগগুলোকে বাধাগ্রস্ত করেছে। এসব সমস্যার মোকাবিলায় সরকারের সুস্পষ্ট অবস্থান প্রয়োজন।

সরকারি সহায়তার চেয়েও

বেশি ইলিশ উৎপাদনের সুযোগ তৈরি হবে।
নিজের পরিচয় তুলে ধরে মন্ত্রী বলেন, আমি কৃষকের সন্তান বলতে গর্ববোধ করি। কৃষক ও মৎস্যজীবীদের জীবন-জীবিকার সঙ্গে দেশের অর্থনীতি ও খাদ্যনিরাপত্তার গভীর সম্পর্ক রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ খাতের মানুষের উন্নয়নে সরকার গুরুত্ব দিচ্ছে।
মৎস্য খাতে সরকারের সহায়তার প্রসঙ্গ তুলে ধরে তিনি বলেন, মৎস্য অভিযানকে কেন্দ্র করে সরকার প্রতিবছর বিপুল পরিমাণ খাদ্যসহায়তা প্রদান করে। নিষেধাজ্ঞার সময়ে জেলেরা যাতে খাদ্যসংকটে না পড়েন, সে জন্য সরকারি সহায়তা কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে শুধু সরকারি সহায়তার ওপর নির্ভরশীল না থেকে জেলেদের বিকল্প আয়ের উৎস তৈরির প্রতিও গুরুত্ব দিতে হবে।
তিনি আরও বলেন, জেলেদের অর্থনৈতিক সক্ষমতা বাড়াতে খাঁচায় ভাসমান মাছ চাষের মতো আধুনিক পদ্ধতি চালু করতে হবে। বিকল্প পদ্ধতিতে মাছ চাষের মাধ্যমে জেলেরা নিষেধাজ্ঞার সময়েও আয়ের সুযোগ পেতে পারেন। এ জন্য সংশ্লিষ্টদের উদ্যোগী হতে হবে এবং নতুন প্রযুক্তি ব্যবহারে আগ্রহী হতে হবে।
তিনি বলেন, আপনাদের অর্থনীতিকে কীভাবে শক্তিশালী করা যায়, আমরা তা নিয়ে কাজ শুরু করেছি। জেলেদের জীবনমান উন্নয়ন, বিকল্প কর্মসংস্থান সৃষ্টি এবং মৎস্যসম্পদের টেকসই ব্যবস্থাপনায় সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন মন্ত্রী।
বিশেষ অতিথির বক্তব্যে চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক বলেন, মা ইলিশ সংরক্ষণ শুধু মৎস্য অধিদপ্তর বা প্রশাসনের একার দায়িত্ব নয়; এ সম্পদ রক্ষায় জেলে, জনপ্রতিনিধি, প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং স্থানীয় জনগণ–সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।
তিনি বলেন, ইলিশ বাংলাদেশের জাতীয় সম্পদ এবং চাঁদপুরের পরিচিতি ও অর্থনীতির সঙ্গে এ মাছের নিবিড় সম্পর্ক রয়েছে। পদ্মা-মেঘনার ইলিশকে কেন্দ্র করে বহু পরিবার জীবিকা নির্বাহ করে। তাই মা ইলিশের প্রজনন মৌসুমে সরকারি নিষেধাজ্ঞা যথাযথভাবে মেনে চলা অত্যন্ত জরুরি। আজকের সাময়িক সংযম ভবিষ্যতে ইলিশের উৎপাদন বৃদ্ধি এবং জেলেদের দীর্ঘমেয়াদি আর্থিক সুবিধা নিশ্চিত করতে সহায়তা করবে।
জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. খালেদ কনক, পুলিশ সুপার মো. মিজানুর রহমান, নৌ পুলিশ সুপার সৈয়দ মুশফিকুর রহমান প্রমুখ।
চাঁদপুর সদর উপজেলা মৎস্য কর্মকর্তা ওমর ফারুকের পরিচালনায় স্বাগত বক্তব্য রাখেন চাঁদপুর জেলা মৎস্য কর্মকর্তা মো. ফখরুল ইসলাম।
অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন সদর উপজেলা মসজিদের ইমাম মোজাহিদ ইসলাম।
এসময় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক অ্যাড. এ কে এম সালিম উল্লাহ সেলিম, অতিরিক্ত জেলা প্রশ্সক (সার্বিক) একরামুল সিদ্দিক, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি জসিম উদ্দিন খান বাবুল, দেওয়ান মো. সফিকুজ্জামান, খলিলুর রহমান গাজী, সাংগঠনিক সম্পাদক মনির চৌধুরী, সহ-সভাপতি ফেরদৌস আলম বাবু, ডি এম শাহাজাহান, পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি, সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশন, সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আমিন খান আকাশ, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার, জেলা কৃষক দলের সভাপতি এনায়েত উল্যাজ খোকনসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, গণ্যমান্য ব্যক্তি এবং বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।
উল্লেখ্য, মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে গত ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিনের জন্য পদ্মা-মেঘনাসহ নির্ধারিত নদ-নদীতে ইলিশ আহরণে নিষেধাজ্ঞা কার্যকর রয়েছে। এ সময়ে ইলিশ ধরা, পরিবহন, মজুত ও বিপণনের ক্ষেত্রে প্রযোজ্য সরকারি বিধিনিষেধ মেনে চলার ওপর গুরুত্ব দেয়া হচ্ছে।



দেশকে এগিয়ে নিতে

প্রয়োজন। গবেষণালব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে মৎস্য ও কৃষি খাতের উন্নয়নে কার্যকর উদ্যোগ নিতে হবে।
তিনি আরও বলেন, এ সরকার জনগণের নির্বাচিত সরকার। প্রধানমন্ত্রী তারেক রহমান জনগণের সরকার। দেশটা আপনার, আমার–আমাদের সবার। অতীতের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে বর্তমানকে কাজে লাগিয়ে সামনের দিকে এগিয়ে যেতে হবে। দেশের উন্নয়ন ও অগ্রযাত্রায় সংশ্লিষ্ট সব পক্ষকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান তিনি।
অনুষ্ঠানে মৎস্য গবেষণার গুরুত্ব তুলে ধরে মন্ত্রী বলেন, দেশের নদ-নদী ও জলাশয়ে মাছের বৈচিত্র্য রক্ষা এবং উৎপাদন বৃদ্ধিতে গবেষণার বিকল্প নেই। মৎস্যসম্পদের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল ও ফলপ্রসূ করতে হবে। গবেষণার মাধ্যমে প্রাপ্ত তথ্য ও সুপারিশ বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করা গেলে দেশের মৎস্য খাত আরও সমৃদ্ধ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।
অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহম্মেদ মানিক বলেন, দেশের নদ-নদী থেকে যেসব মাছের প্রজাতি ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে, সেগুলো চিহ্নিত করে সংরক্ষণের উদ্যোগ নিতে হবে। এ ক্ষেত্রে মৎস্য গবেষণা ইনস্টিটিউটকে আরও গুরুত্বের সঙ্গে কাজ করতে হবে।
তিনি বলেন, যে মাছগুলো বিলুপ্তির পথে, সেগুলো নিয়ে গবেষণা করতে হবে। আমাদের চাঁদপুরের অনেক জেলের আইন সম্পর্কে পর্যাপ্ত ধারণা নেই এবং তাঁরা সবসময় আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকেন না। প্রশাসনের হাতে আটক হওয়ার পর অনেকেই আইন সম্পর্কে ধারণা পান। তাই জেলেদের মধ্যে সচেতনতা বাড়াতে হবে।
অনুষ্ঠানে প্রজেক্টরের মাধ্যমে চাঁদপুর নদী কেন্দ্র মৎস্য গবেষণা ইনস্টিটিউটের চলমান গবেষণা কার্যক্রম, বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রমের সার্বিক চিত্র তুলে ধরেন নদী কেন্দ্রের বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আবু কাউছার দিদার।
চাঁদপুর নদী কেন্দ্র মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কার্যক্রম পরিদর্শন ও মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. খালেদ কনক, চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমান, চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট এ কে এম সালিম উল্লাহ সেলিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল সিদ্দিক, চাঁদপুর মৎস্য গবেষণা ইনস্টিটিউট নদী কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. তায়েফা আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, ফেরদৌস আলম বাবুসহ মৎস্য বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

মালয়েশিয়ার আলবুখারি

তারিখে মালয়েশিয়ার আলবুখারি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (এআইইউ)-এর শিক্ষার্থীদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। বাংলাদেশি স্টুডেন্টস কমিউনিটি এআইইউ (বিএএসসিএ)-এর উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষার্থীরা বাংলাদেশের অন্যতম বিশিষ্ট শিক্ষাবিদ ও উদ্যোক্তা ড. মো. সবুর খানের সঙ্গে সরাসরি যোগাযোগের সুযোগ পান। একই সঙ্গে তাঁর দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ, পেশাগত উন্নয়ন এবং ভবিষ্যৎ ক্যারিয়ার পরিকল্পনা বিষয়ে অনুপ্রেরণা লাভ করেন।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলবুখারি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর ও প্রেসিডেন্ট প্রফেসর দাতো' আইআর. ড. মোহাম্মদ সালেহ বিন জাফর। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আলবুখারি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (এসবিএসএস)-এর ভারপ্রাপ্ত ডিন মোহাম্মদ মোকলিস বিন আহমাদ ফুয়াদ।
ড. মো. সবুর খানের এ অংশগ্রহণ তরুণদের ক্ষমতায়ন, উদ্যোক্তা উন্নয়ন এবং পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ ও সম্ভাবনার জন্য শিক্ষার্থীদের প্রস্‘ত করার ক্ষেত্রে তাঁর দীর্ঘদিনের অঙ্গীকারের প্রতিফলন। তাঁর মতবিনিময় শিক্ষার্থীদের নেতৃত্বের গুণাবলি বিকাশ, উদ্ভাবনী চিন্তার চর্চা, দৃঢ় প্রত্যয়ে নিজ নিজ লক্ষ্য অর্জন এবং সমাজে ইতিবাচক অবদান রাখার ক্ষেত্রে উৎসাহিত করবে বলে আশা করা হ”ছ।

মতলব দক্ষিণে দুর্যোগ

ও দুর্যোগবিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়। মঙ্গলবার (১৩ অক্টোবর) ১১ টায় উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসন ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এসব কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম ইশমাম ও অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) আনোয়ারুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন মতলব দক্ষিণ উপজেলা বিএনপির সভাপতি ও মতলব পৌরসভার সাবেক মেয়র এনামুল হক বাদল, উপজেলা কৃষি অফিসার চৈতন্য পাল,মতলব পৌর বিএনপির সভাপতি শোয়েব আহমেদ সরকার, মতলবৌরা বিএনপির সাবেক আহবায়ক মোজাম্মেল হক খোকন,সাবেক সিনিয়র সহ সভাপতি ডাঃ শোয়েব আহমেদ,পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাকির হোসেন প্রধান, মতলব প্রেসক্লাবের সিনিয়র যুগ্ম আহবায়ক গোলাম সারওয়ার সেলিম, সাবেক সাধারণ সম্পাদক মাহফুজ মল্লিকসহ উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কর্মকর্তা বৃন্দ এবং মতলবগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের স্কাউটের শিক্ষার্থীবৃন্দ।

হাইমচরে আন্তর্জাতিক দুর্যোগ

পরিষদ প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়। পরে দুর্যোগ মোকাবিলায় জনসচেতনতা বাড়াতে একটি মহড়া অনুষ্ঠিত হয়, যেখানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং এলাকার শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন। আলোচনা সভায় বক্তারা বলেন, বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। তাই বড় ধরনের দুর্যোগের ক্ষয়ক্ষতি কমিয়ে আনতে নিজ ঘর ও পরিবার থেকেই সচেতনতা এবং প্রস্তুতি শুরু করতে হবে। প্রত্যেকে নিজ অবস্থান থেকে সচেতন হলে একটি দুর্যোগ সহনশীল ও নিরাপদ জাতি গঠন করা সম্ভব।

এফিডেভিট

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আমার দাখিল ও আলিম সনদে পিতার নাম ও মাতার ভুল লিপিবদ্ধ করা হয়েছে। ভুল তথ্যের বিবরণ নিম্নরূপ-
দাখিল সাল-২০২৪, রোল- ৩২৬৮২, রেজিঃ ২১১৮৬৩৬৯০৭, পিতার নাম Harunur Rashid, মাতার নাম Haowa Begum, আলিম, সাল-২০২৬, রোল- ১৭১৭৮৬, রেজিঃ ২১১৮৬৩৬৯০৭, পিতার নাম- Harunur Rashid, মাতার নাম-Haowa Begum.
প্রকৃত পক্ষে- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য কাগজপত্র অনুযায়ী দাখিল ও আলিম শ্রেণির সনদে পিতা ও মাতার নাম বিজ্ঞ আদালতের মাধ্যমে সংশোধন করার আবেদন করিলাম। যার এফিডেভিট নং- ২৪০, তাং ১৩.১০.২০২৬। সঠিক তথ্য- পিতার নাম- MD HARUN, মাতার নাম- HOWA BEGUM.

-মোঃ রাজু আহম্মেদ

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাটলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

মতলব উত্তরে বেগম

মোঃ জহির প্রধান, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সদস্য মোঃ সোহেল রানা। খেলা পরিচালনার দায়িত্বে ছিলেন আয়োজক ছাত্রদল নেতা মোঃ সৈকত প্রধান। উপস্থাপনায় ছিলেন মোঃ হোসেন কাজী ও রেফারি ছিলেন জুয়েল রানা সরকার।
উদ্বোধনী ম্যাচে অংশগ্রহণ করে লক্ষ্মীপুর স্পোর্টিং ক্লাব বনাম রায়পুর ইসলামাবাদ ডিবি স্পোর্টিং ক্লাব। খেলায় কোন দল গোল করতে পারে নি। পরে ট্রাইবেকারে ২-০ গোলে রায়পুর ইসলামাবাদ ডিবি স্পোর্টিং ক্লাব বিজয়ী হয়েছে।

সৌদিতে ৮২ ফ্লাইট ব্যাহত

এয়ারওয়েজের ৭টি এবং ইতিগোর ২২টি, এমিরেটসের ১১টি, কাতার এয়ারওয়েজের ৬টি, ফ্লাই দুবাইয়ের ৬টি, সালাম এয়ারের ৪টি ও ইজিপ্ট এয়ারের একটি ট্রানজিট ফ্লাইট রয়েছে।
মঙ্গলবার এক বার্তায় এসব তথ্য জানিয়েছে বেবিচক। সংস্থাটি বলছে, এসব ফ্লাইট বিঘ্নিত হওয়ায় সর্বমোট ১৩ হাজার ৭১ জন যাত্রী চরম অনিশ্চয়তা ও ভোগান্তিতে পড়েছেন। পরিস্থিতি পর্যবেক্ষণের পাশাপাশি এয়ারলাইন্সগুলোর সময়সূচি পুনর্নির্ধারণে কাজ করছে বেবিচক।
অপরদিকে সৌদি আরবে বিমানবন্দরে হামলার পরিপ্রেক্ষিতে যাত্রীদের নিরাপত্তার স্বার্থে ঢাকা থেকে দাম্মামগামী এবং ঢাকা থেকে রিয়াদগামী সব ফ্লাইট আগামী ১৭ অক্টোবর পর্যন্ত স্থগিত করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

মতলব উত্তরে আন্তর্জাতিক

উপস্থাপনায় বক্তব্য রাখেন, শিকারীকান্দি আকবরীয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবুল হোসেন, মতলব উত্তর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লিডার মোঃ ইকবাল হোসেন প্রমুখ।
এসময় ইউএনও মাহমুদা কুলসুম মনি বলেন, দুর্যোগ দুই ধরনের। একটি হচ্ছে প্রাকৃতিক দুর্যোগ আরেকটি হল মানুষ্য সৃষ্ট দুর্যোগ। এই দুই ধরনের দুর্যোগ থেকে আমাদের সুরক্ষিত থাকতে হলে প্রথমেই সচেতন হতে হবে এবং কিভাবে দুর্যোগ প্রতিরোধ করা যায় সে বিষয়ে জানা থাকতে হবে। সেই লক্ষ্যেই জাতিসংঘ কর্তৃক এই দুর্যোগ প্রশমন দিবস ঘোষণা করা হয়েছে।
তিনি আরও বলেন, আমাদের ঘর থেকে আগে দুর্যোগ প্রতিরোধ জানতে হবে। গ্যাস সিলিন্ডার ব্যবহারে সতর্ক থাকতে হবে এবং বিদ্যুৎ ব্যবহারেও সতর্ক থাকতে হবে। তাহলেই আমরা নিজেরা সুরক্ষিত থাকতে পারব এবং অন্যকে নিরাপদে রাখতে পারব।

শাহরাস্তিতে ঠোঁটকাটা-তালুকাটা

পরীক্ষা-নিরীক্ষা, ওষুধ, হাসপাতালে থাকা এবং অস্ত্রোপচার-পরবর্তী স্পিচ থেরাপি দেয়া হবে।
মঙ্গলবার (১৩ অক্টোবর) সকাল ১০টায় উপজেলার উয়ারুক বাজারে অবস্থিত মেডিল্যাব হাসপাতাল অ্যান্ড ট্রমা সেন্টারে কর্মসূচির প্রথম সেশনের কার্যক্রম শুরু হয়। এর উদ্বোধন করেন শাহরাস্তি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আবু নাছের শাকিল।
প্রথম দিনের কার্যক্রমে ২০ জন রোগীর অস্ত্রোপচার কার্যক্রম শুরু হওয়ার কথা জানানো হয়। অধ্যাপক ডা. মুহাম্মদ কামারুজ্জামানের (এফসিপিএস ও এমএস) নেতৃত্বে বিশেষজ্ঞ চিকিৎসক দল অস্ত্রোপচার কার্যক্রম পরিচালনা করছেন। হাসপাতালটির চেয়ারম্যান ডা. আরিফ উল হাসানের সার্বিক ব্যবস্থাপনায় এ চিকিৎসা কার্যক্রম পরিচালিত হচ্ছে।
হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, এটি এককালীন কোনো চিকিৎসা ক্যাম্প নয়; বরং দেশের যেকোনো প্রান্ত থেকে আসা ঠোঁটকাটা ও তালুকাটা সমস্যায় আক্রান্ত রোগীদের জন্য নিয়মিত চিকিৎসাসেবা কার্যক্রম। প্রতি তিন মাস অন্তর অথবা ১০ জন রোগী নিবন্ধিত হলে অস্ত্রোপচারের আয়োজন করা হবে। এতে রোগীদের অস্ত্রোপচার, প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা, ওষুধ, হাসপাতালে অবস্থান এবং অস্ত্রোপচার-পরবর্তী স্পিচ থেরাপি সম্পূর্ণ বিনামূল্যে দেয়া হবে।
ডা. আরিফ উল হাসান বলেন, দেশের যেকোনো স্থান থেকে আসা রোগীরা এ কর্মসূচির আওতায় বিনামূল্যে চিকিৎসাসেবা পাবেন। প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসাসেবা দিতে গিয়ে জন্মগত ঠোঁটকাটা ও তালুকাটা সমস্যায় আক্রান্ত অনেক রোগীর দেখা পাওয়া যায়। আর্থিক অসচ্ছলতা ও চিকিৎসাসুবিধার সীমাবদ্ধতার কারণে তাঁদের অনেকেই প্রয়োজনীয় অস্ত্রোপচার করাতে পারেন না। এসব রোগীর চিকিৎসার সুযোগ সম্প্রসারণ এবং শিশুদের মুখে হাসি ফোটানোর লক্ষ্যেই এ উদ্যোগ নেয়া হয়েছে।
ডা. আরিফ উল হাসান এর আগেও বিভিন্ন জটিল অস্ত্রোপচারের কারণে আলোচনায় আসেন। ২০২৬ সালের এপ্রিলে এক নারীর পেট থেকে ৮ কেজি ২০০ গ্রাম ওজনের টিউমার এবং একই বছরের জুনে আরেক নারীর পেট থেকে প্রায় ৩ কেজি ওজনের টিউমার অপসারণ করেন তিনি। সর্বশেষ ৭ আগস্ট ২০২৬ তারিখে শাহরাস্তির একই হাসপাতালে ৩৬ বছর বয়সী এক নারীর পেট থেকে ৪ কেজি ৮০০ গ্রাম ওজনের টিউমার অপসারণ করা হয়। ওই নারীর পেটে এটি ছিল পঞ্চম অস্ত্রোপচার।
এ ছাড়া ২০২৪ সালে এক রোগীর পায়ুপথে আটকে থাকা একটি ডাব অস্ত্রোপচার ছাড়াই বের করার ঘটনাতেও আলোচনায় আসেন তিনি।
শাহরাস্তিতে শুরু হওয়া এ উদ্যোগের মাধ্যমে জন্মগত ঠোঁটকাটা ও তালুকাটা সমস্যায় আক্রান্ত রোগীদের চিকিৎসাসেবা সহজলভ্য হবে বলে আশা করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। বিশেষ করে আর্থিকভাবে অসচ্ছল পরিবারের শিশুদের জন্য নিয়মিত ও বিনামূল্যের এ সেবা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

মাদকমুক্ত সমাজ গঠনে

আকাশ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্বরোড বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি ও জেলা বিএনপির সদস্য সফিকুল ইসলাম রুবেল।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কচুয়া পৌর বিএনপির সভাপতি ও পৌরসভা পুলিশিং কমিটির সভাপতি বিল্লাল হোসেন মজুমদার এবং কচুয়া পৌর বিএনপির সাধারণ সম্পাদক, পৌরসভা পুলিশিং কমিটির সহ-সভাপতি সেলিম পাটোয়ারী।
এ ছাড়া সমাবেশে বিলাল প্রধান, শাহ আলম মোল্লা, শ্রমিক নেতা গিয়াস উদ্দীন, মিজান, নুরুল ইসলাম, মনজুর হোসেন, আবুল কালাম আজাদ ও ইমাম হাসানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।
আয়োজকদের প্রত্যাশা, এ সমাবেশের মাধ্যমে মাদকের ভয়াবহতা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি পাবে এবং তরুণ সমাজকে মাদক থেকে দূরে রাখতে সামাজিক উদ্যোগ আরও জোরদার হবে বলে আশা প্রকাশ করেন।
মাধকমুক্ত সমাজ গঠনে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবানে সমাবেশের আয়োজন করে কচুয়া পৌরসভার ১, ২ ও ৩নং ওয়ার্ডের সর্বস্তরের জনগণ। সমাবেশে উপস্থিত জনসাধারণকে বলতে শুনা যায় মাদকবিরোধী সমাবেশে উপস্থিত আছে মাদক ব্যবসায়ী এবং মাদকসেবীরা।

লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষার

প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
১৩ অক্টোবর (মঙ্গলবার) সকাল ১১টায় বিদ্যালয়ের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মুহাম্মদ মোছাদ্দেক হোসেন।
প্রধান অতিথির বক্তব্যে মুহাম্মদ মোছাদ্দেক হোসেন বলেন, আজকের এই চমৎকার দিনে শিক্ষার্থীদের মাঝে উপস্থিত হতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। পুরস্কার বিতরণ অনুষ্ঠান যেকোনো বিদ্যালয়ের জন্যই একটি উৎসবের দিন। শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত আচরণগত পরিবর্তন আনতে হবে, যা তাদের মানবিক মানুষ হিসেবে গড়ে তুলতে সহায়তা করবে।
তিনি বলেন, পড়ালেখার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম অত্যন্ত জরুরি। বর্তমান সরকার শিক্ষার্থীদের সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ করে দেবে। আগামী বছর চতুর্থ শ্রেণি থেকে এ কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে। যারা সংস্কৃতি ও খেলাধুলা চর্চা করে, তাদের ভবিষ্যৎ উজ্জ্বল হওয়ার সম্ভাবনা বেশি। শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের খেলাধুলা করতে হবে এবং চিন্তাশীল ও সৃজনশীল কাজে উৎসাহিত করতে হবে।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর সদর উপজেলা শিক্ষা অফিসার মো. আবু সাঈদ চৌধুরী এবং উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার সেলিনা বেগম। শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উত্তর শাহতলী যোবাইদা বালক সপ্রাবি বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. দিদার হোসেন মিজি। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জিলানী চিশতী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাওলানা শহিদুল ইসলাম।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন শাহতলী কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ বিলাল হোসাইন, জিলানী চিশতী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মোহসিন উদ্দিন, উত্তর শাহতলী যোবাইদা বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোহাম্মদ নুরুজ্জামান, ৩০নং মধ্য শাহতলী কাদেরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোসা. তহমিনা আক্তার, জিলানী চিশতী উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষিকা ফাহিমা জাহান, পাইকদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. মোস্তফা চৌধুরী, উত্তর শাহতলী যোবাইদা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা মোসা. তাহমিনা খানম, ৪নং শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সহসভাপতি মো. মোশারফ কারী, ৪নং ওয়ার্ড (শাহতলী) বিএনপির সভাপতি মো. জাহাঙ্গীর খান, সাধারণ সম্পাদক মো. আব্দুল আজিজ মিজি, অভিভাবক বিশিষ্ট কর্মকর্তা (অব.) মো. সাইফুল কবির চৌধুরী, বিশিষ্ট সমাজসেবক মো. জাহাঙ্গীর মুন্সি, ৪নং ওয়ার্ড বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মো. রিপন মিজি, সমাজসেবক মো. সোহাগ গাজী ও মো. জাহাঙ্গীর মিজিসহ অভিভাবক, অতিথি ও শিক্ষার্থীরা।

চাঁদপুরে নতুন কুঁড়ির

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি এডভোকেট আবুল কালাম সরকার।

৩৫ বছরের পর আর আইনজীবী

বাংলাদেশের যৌথ উদ্যোগে পরিচালিত 'এজিওইউএনডিপি ইন্টার্নশিপ প্রোগ্রাম'-এর দ্বিতীয় ব্যাচের সমাপনী ও তৃতীয় ব্যাচের ইন্টার্নদের বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।
আইনমন্ত্রী আরও বলেন, মামলায় জিতলেন, জিতে গেলে পকেটে টাকা রয়ে গেল, আর হেরে গেলে বললেন যে কথা তো দিছিল, হয়নি। ঠিক আছে, আমি দেখি টাকা ফেরত নেওয়ার ব্যবস্থা করি। এরপরে ওই মক্কেল আপনার পিছন পিছন ঘুরবে, ঘুরে ঘুরে অর্ধেক টাকা ফেরত নেবেন। এই ধরনের ব্যবসা বন্ধ হওয়া দরকার।
বিচারকদের মতো আইনজীবীদেরও জবাবদিহির আওতায় আনার ওপর জোর দিয়ে তিনি বাংলাদেশ বার কাউন্সিলকে আইনজীবীদের নৈতিকতার দিকে 'কড়া দৃষ্টি' দেওয়ার আহ্বান জানান।
আইনমন্ত্রী বলেন, সরকার সাইবার সুরক্ষা আইনের কয়েকটি ধারায় সংশোধন আনার বিষয়টি বিবেচনা করছে।
এ সময় উপস্থিত নবীন আইনজীবীদের উদ্দেশে তিনি বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। তাদের মানবিক আইনজীবী হওয়ার পরামর্শ দেন।

রাষ্ট্রের উদাসীনতায় অগ্নিকাণ্ডে

আরও বলেন, এ ছাড়া প্রয়োজনীয় প্রযুক্তিগত উন্নত যন্ত্রপাতি না থাকায় এবং প্রশিক্ষণ ও জনবলের অভাবে ফায়ার ফাইটারদের জীবন ঝুঁকিতে পড়ছে। অনেকে অগ্নি নিয়ন্ত্রণ করতে গিয়ে জীবন দিয়েছেন, আবার অনেকে হাসপাতালে কাতরাচ্ছেন।
তিনি উপস্থিত নগরবাসীর উদ্দেশে বলেন, আগামীতে যদি নগরবাসী আমাদের ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের দায়িত্ব দেয়, তবে ঢাকাকে পরিকল্পিত নগর হিসেবে গড়ে তুলে অগ্নিদুর্ঘটনা নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করাসহ সিটি করপোরেশনের তত্ত্বাবধানে নগরবাসীর নিরাপত্তা নিশ্চিত করা হবে।
এ সময় আরও উপস্থিত ছিলেন ব্যবসায়ী নেতা হাজী হাফেজ এনায়েত উল্লাহ, জামায়াতের ঢাকা মহানগরী দক্ষিণের সমাজকল্যাণ সম্পাদক শাহীন আহমেদ খান, চকবাজার-বংশাল জোনের ভারপ্রাপ্ত পরিচালক অধ্যক্ষ এস এম আহসান উল্লাহ, চকবাজার দক্ষিণ থানা আমির আনিছুর রহমান, পূর্ব থানা আমির রফিকুল ইসলাম সিকদারসহ চকবাজার থানা জামায়াতের বিভিন্ন পর্যায়ের নেতা ও ব্যবসায়ীরা।

ইসলামী ব্যাংক

বাংলাদেশ পিএলসি. | ইসলামী শরী'আহ্ মোতাবেক পরিচালিত
ফরিদগঞ্জ শাখা, ফরিদগঞ্জ, চাঁদপুর।
মোবাইল: ০১৭২৯-২৯৯৪৫৭, ০১৭১৩-৪২৫৯১১

বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি

(অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, ফরিদগঞ্জ শাখার খেলাপী বিনিয়োগ গ্রাহক মেসার্স আশিক এন্টারপ্রাইজ এর মালিক মোঃ আশিকুর রহমান (খাজা), পিতাঃ মৃত মুকবুল হোসেন, মাতাঃ নাহার বেগম, ঠিকানাঃ গ্রামঃ সন্তোষপুর, ডাকঘরঃ কালির বাজার-৩৬৫০, উপজেলাঃ ফরিদগঞ্জ, জেলাঃ চাঁদপুর এর নিকট ০৪.১০.২০২৬ ইং পর্যন্ত মুলধন, লাভ, ক্ষতিপূরণ ও অন্যান্যসহ মোট ১৪,৬২,৩৫৬/- (চৌদ্দ লক্ষ বাষট্রি হাজার তিনশত ছাপান্ন) টাকা ও আদায়কাল পর্যন্ত ক্ষতিপূরণ ও অন্যান্য খরচসহ যাবতীয় ব্যাংকের পাওনা আদায়ের নিমিত্তে মোঃ আশিকুর রহমান (খাজা) এর মালিকানাধীন নিম্ন তফসিলভুক্ত রেজিস্ট্রিকৃত বন্ধকী স্থাবর সম্পত্তির রেজিস্ট্রিকৃত আমমোক্তারনামা মূলে প্রাপ্ত ক্ষমতাবলে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে সীল গালাকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলাঃ চাঁদপুর, সাবেক থানা হাল উপজেলা-ফরিদগঞ্জ কিং সাবেক ১৮২ নং হাল ১২৮ নং সন্তোষপুর মৌজার সি.এস ৫৫৫ নং, এস.এ (পেটি) ৪৯৯ নং খতিয়ান, বি.এস ১৪৭৪ নং খতিয়ান, খারিজা ২৪২৮নং খতিয়ানভুক্ত রায়তীস্বত্ব। সি.এস ১৮৮১, ১৮৮৩, ১৮৮৪ ও এস.এ (পেটি) ৯৭৪ দাগ, বি.এস ৭৬৬৮ দাগ, খারিজা ৭৬৬৮ দাগ বাড়ি মোঃ ০.২৬৭৫ একর ভূমির অন্দরে মোঃ ০.২৪ (দশমিক দুই চার একর) বা ২৪.০০ (চব্বিশ) শতক ভূ-সম্পত্তি বটে। যাহার উত্তরে- সরকারি রাস্তা, দক্ষিণে-মোঃ আশিকুর রহমান খাজা, পূর্বে- রুহুল আমিন এবং পশ্চিমে- আমির হোসেন।

এক দাগে মোট =২৪.০০ শতক ভূ-সম্পত্তি।

নিলামের শর্তাবলীঃ

১. দরপত্র সরাসরি শাখা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে আগামী ০৯.১১.২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। নির্ধারিত সময় অতিক্রান্তে উপস্থিত দরপত্রদাতাগণের (যদি কেহ উপস্থিত থাকে) সম্মুখে দরপত্র খোলা হবে।
২. দরপত্র সিলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নাম্বার এবং প্রস্তাবিত মোট মূল্য উল্লেখ করতে হইবে।
৩. প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হলে এর ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হলে এর ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে এর ১০% সমপরিমাণ টাকা জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে, ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, হাজীগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৪. অনূর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে, ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৬০ দিনের মধ্যে এবং ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৯০ দিনের মধ্যে দরপত্র দাতাকে সমুদয় অবশিষ্ট মূল্য পরিশোধ করতে হবে এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
৫. উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারেন।
৬. দরপত্রে সম্পত্তির প্রস্তাবিত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী দরপত্র কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৭. সফল দরপত্র দাতাকে তফসিলে বর্ণিত সম্পত্তির যাবতীয় রেজিস্ট্রি খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথাঃ পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠানের ভূমিকর, হোল্ডিং ট্যাক্স ইত্যাদিসহ যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
৮. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ব্যাংকের শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।
৯. দরপত্র জমা দেয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা সকল দরপত্র বাতিল করার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এভিপি এবং শাখা প্রধান

হাজীগঞ্জে ফ্যামিলি কার্ড কর্মসূচির

এন্ট্রির মাধ্যমে এ তথ্য সংগ্রহ ও ডাটা এন্ট্রি কার্যক্রমের উদ্বোধন করা হয়। উপজেলা প্রশাসন ও সমাজসেবা কার্যালয়ের আয়োজিত অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. ইবনে আল জায়েদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ডাটা এন্ট্রি কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় তিনি বলেন, এটি সরকারের একটি অগ্রাধিকারভিত্তিক প্রকল্প। এই প্রকল্প বাস্তবায়নে সবাইকে নির্ভুল তথ্য দিতে হবে।
তিনি বলেন, আগে কার্ড ও সুবিধা পাওয়ার জন্য স্থানীয়ভাবে অনেককে তদবির শুরু করেছেন বলে জানতে পেরেছি। তবে আপনাদের মাধ্যমে সবাইকে জানাচ্ছি যে, এখানে কোন ধরনের তদবির বা লেনদেন করার সুযোগ নেই। সবাই ফ্যামিলি কার্ডের সুবিধা পাবেন এবং আপনাদের দেওয়া তথ্যে সিস্টেমেটিকভাবে এই সুবিধা ভোগ করতে পারবেন।

এসএসসি-এইচএসসিতে দুই

কথা বলেন তিনি। শিক্ষামন্ত্রী বলেন, দ্বিতীয় দফা পরীক্ষায় অনুত্তীর্ণদের কারগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। শিক্ষার্থীদের সামাজিক এবং নৈতিক অবক্ষয় রোধে নতুন করে চতুর্থ শ্রেণি থেকে নৈতিক বিষয়ে শিক্ষা কার্যক্রম শুরু করা হবে।
শিক্ষাব্যবস্থা উন্নয়নে প্রধানমন্ত্রী কারিগরি প্রশিক্ষণের দিকেও জোর দিচ্ছেন বলেও জানান শিক্ষামন্ত্রী।

মতলবে বিল থেকে নারীর

থানার ওসি হাফিজুর রহমান মানিক।
পুলিশ জানায়, সকালে স্থানীয় এক ব্যক্তি বিলে জমির কচুরিপানা পরিষ্কার করতে গিয়ে কম্বলে মোড়ানো বস্তাসদৃশ একটি বস্তু দেখতে পান। পরে বিষয়টি জানাজানি হলে পুলিশকে খবর দেয়া হয়। খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি উদ্ধার করে। তবে লাশটির মুখমণ্ডল বিকৃত হয়ে যাওয়ায় তাৎক্ষণিকভাবে তার বয়স ও পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি।
স্থানীয়দের ধারণা, কয়েক দিন আগেই ওই নারীকে হত্যা করে লাশটি বিলে ফেলে দেয়া হয়ে থাকতে পারে।
ওসি হাফিজুর রহমান মানিক বলেন, ময়নাতদন্তের জন্য লাশটি ২৫০ শয্যাবিশিষ্ট চাঁদপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হবে। এখন পর্যন্ত তাঁর পরিচয় শনাক্ত করা যায়নি।
এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা ও তদন্ত চলছে বলে জানান ওসি।

২ বছরেও শেষ হয়নি

ও প্রশস্তকরণ কাজ শুরু হয়। তবে দীর্ঘদিন ধরে কাজ বন্ধ থাকায় কালীরবাজার, চরদুঃখিয়া পূর্ব ও পশ্চিম ইউনিয়নের সাথে জেলা ও উপজেলা সদরের যাতায়াত এবং ব্যবসা-বাণিজ্যে স্থবিরতা নেমে এসেছে। সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন স্কুল-কলেজগামী শিক্ষার্থী ও মুমূর্ষু রোগীবাহী যানবাহনের যাত্রীরা।
সরেজমিনে গিয়ে দেখা গেছে, সড়কজুড়ে কালভার্ট নির্মাণের ভাঙাচোরা অংশ ও খুঁড়ে রাখা গর্তের তান্ডব। ধুলোবালি ও খানাখন্দে একাকার হয়ে পড়েছে পুরো রুট।
দুর্ভোগের চিত্র তুলে ধরে স্থানীয় সচেতন নাগরিকরা ক্ষোভ প্রকাশ করে বলেন, দুই বছর ধরে এমন জনগুরুত্বপূর্ণ সড়ক বন্ধ রেখে মানুষকে জিম্মি করে রাখা হয়েছে। এলজিইডির চোখের সামনে কাজ ফেলে ঠিকাদার বিল তুলে নিচ্ছেন অথচ প্রতিকার নেই। অবিলম্বে এই ঠিকাদারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে সড়ক উদ্ধার করা জরুরি।
ঠিকাদারের গড়িমসির বিষয়ে ফরিদগঞ্জ উপজেলা প্রকৌশলী সৈয়দ মেহেদী হাসান ক্ষোভ প্রকাশ করে বলেন, ঠিকাদার রেজাউল করিম কাজের কথা বলে প্রতিনিয়ত নাটক করছেন। প্রতি সপ্তাহেই কাজ শুরু করব বলে আশ্বাস দেন কিন্তু বাস্তবে তা দেখা মেলে না। তিনি আরো জানান, গত কাল ঠিকাদার সাইটে লেবার পাঠিয়েছেন। দ্রুত সময়ের মধ্যে কাজ শুরুর জন্য সর্বোচ্চ তাগিদ দেওয়া হচ্ছে।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডা: মো: সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন), পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডা: দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবি: থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

এ বিষয়ে ঠিকাদার রেজাউল করিমের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি দীর্ঘ বিলম্বের কোনো সদুত্তর দিতে পারেননি। তিনি ব্যক্তিগত সমস্যার অজুহাত দেখিয়ে তিনি দাবি করেন, শনিবার কাজের লোক পাঠানো হয়েছে। চুক্তির নিয়ম অনুযায়ী বাড়ানো অতিরিক্ত সময়ের ৬ থেকে ৮ মাসের মধ্যেই পুরো কাজ শেষ করা যাবে বলে দাবি করেন।
তবে দুই বছর ধরে শতভাগ কাজ আটকে রেখে আরও আট মাস সময় চাওয়ার ঠিকাদারী চক্রের এমন কৌশলে ক্ষুব্ধ এলজিইডি ও সাধারণ মানুষ। এলাকার ভুক্তভোগীদের একটাই দাবি-উত্তোলিত অর্থ ও কাজের অগ্রগতির সরেজমিন অডিট করে এ চুক্তি বাতিল ও দ্রুত নতুন উদ্যোগে সড়ক নির্মাণ নিশ্চিত করতে হবে।

ড. ইউনূসের ওপর হামলার দায়

সঙ্গে তার লেলিয়ে দেওয়া সন্ত্রাসীদের অপকর্মের দায় সরাসরি শেখ হাসিনার ওপরই বর্তায়।
সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে তিনি এ মন্তব্য করেন।
ফেসবুক পোস্টে জামায়াতে আমির লেখেন, 'পরাজিত ও পলাতক ফ্যাসিস্ট তার সন্ত্রাসীদেরকে সুদূর যুক্তরাষ্ট্রে সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য উসকানি দিয়ে যাচ্ছে। প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসের সাথে তার লেলিয়ে দেওয়া সন্ত্রাসীরা যে অপকর্ম করেছে, তার দায় ফ্যাসিস্ট শেখ হাসিনারই।'
ঘটনার বিষয়ে সরকারকে কঠোর পদক্ষেপ দাবি করে তিনি আরো লেখেন, 'সরকারের উচিত হবে এ ব্যাপারে দ্রুত যথাযথ পদক্ষেপ গ্রহণ করা। এরা যে ফ্যাসিস্ট, দেশ থেকে পালিয়ে গিয়েও তাদের সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রমাণ অব্যাহত রেখে তা বিশ্ববাসীকে জানিয়ে দিচ্ছে।'
পোস্টের শেষাংশে এ ধরনের ন্যক্কারজনক ঘটনার ধিক্কার জানিয়ে তিনি লেখেন, 'শেইম...'

চাঁদপুর প্রেস ক্লাব সদস্যদের

ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র: ১. শিক্ষার্থীর নাম ও পরীক্ষার নাম। ২. শিক্ষাপ্রতিষ্ঠানের নাম। ৩. পরীক্ষার ফলাফল ও প্রাপ্ত জিপিএ। ৪. শিক্ষার্থীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি। ৫. ফলাফলের সনদপত্র বা নম্বরপত্রের ফটোকপি। ৬. অভিভাবক সদস্যের নাম, পদবি ও যোগাযোগ নম্বর। আগামী ১৭ অক্টোবর ২০২৬ খ্রি. (শনিবার) চাঁদপুর প্রেস ক্লাব কার্যালয়ে তথ্য জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। সকল সদস্যকে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ফরিদগঞ্জে নবাগত এসিল্যান্ড

আমীর মাওলানা মিজানুর রহমান এবং পৌরসভা জামায়াতের সেক্রেটারি ফখরুল ইসলাম।
?নেতৃবৃন্দ নবাগত সহকারী কমিশনার (ভূমি) আনিসুর রহমানকে ফুলেল শুভেচ্ছা জানান এবং তাঁর কর্মজীবনের সফলতা কামনা করেন। পাশাপাশি ফরিদগঞ্জ উপজেলার ভূমিসংক্রান্ত সেবার মানোন্নয়ন ও জনকল্যাণমূলক কার্যক্রমে তাঁর সাফল্য প্রত্যাশা করেন।

চাঁদপুরে মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রিসহ

আল্লাহর দান স্টোরকে ৩ হাজার টাকা এবং একই অপরাধে কামরুল স্টোরকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর একটি দল সার্বিক সহযোগিতা করে।
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান জানান, অভিযানে চারটি প্রতিষ্ঠানকে সর্বমোট ১৬ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অভিযুক্ত প্রতিষ্ঠানগুলো তাৎক্ষণিকভাবে জরিমানার অর্থ স্বেচ্ছায় পরিশোধ করে এবং ভবিষ্যতে এ ধরনের অনিয়ম থেকে বিরত থাকার অঙ্গীকার করে।

হাইমচরে ইলিশ শিকারের

ও স্থানীয় কোস্ট গার্ড যৌথভাবে এ অভিযান পরিচালনা করে। এতে নেতৃত্ব দেন এবং ভ্রাম্যমাণ আদালতের হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা নজরুল ইসলাম।
উপজেলা প্রশাসন থেকে জানানো হয়, সরকার ঘোষিত নিষেধাজ্ঞা অমান্য করে একদল জেলে নদীতে মাছ ধরছিল। খবর পেয়ে টাস্কফোর্স নদীজুড়ে ঝটিকা অভিযান চালিয়ে ২৮ জন জেলেকে হাতেনাতে আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ২৪ জেলেকে কারাদণ্ড দেওয়া হয় এবং অপ্রাপ্তবয়স্ক ৪ জনকে মুচলেকা রেখে ছেড়ে দেওয়া হয়।
অভিযান চলাকালে জব্দ করা ১ লাখ মিটার অবৈধ কারেন্ট জাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। মাছ ধরার ৬টি নৌকা কোস্ট গার্ড হেফাজতে রাখা হয়েছে এবং জব্দ ১৫ কেজি মা ইলিশ স্থানীয় এতিমখানায় বিতরণ করা হয়েছে।
উপজেলা নির্বাহী কর্মকর্তা নজরুল ইসলাম বলেন, মা ইলিশকে নিরাপদে মেঘনায় ডিম ছাড়ার সুযোগ করে দিতে অভিযান অব্যাহত থাকবে। ২৯ অক্টোবর পর্যন্ত অভয়াশ্রম এলাকায় উপজেলা টাস্কফোর্স কঠোর অবস্থানে থাকবে।

'দুর্যোগে আমরা কখনো

বক্তব্যে চাঁদপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা বলেন, দুর্যোগে আমরা কখনো বিচলিত হব না। দুর্যোগের সময় ধৈর্য ধরে পরিস্থিতি মোকাবিলা করতে হবে এবং নিজেদের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি অন্যদের সহযোগিতায় এগিয়ে আসতে হবে। একটি প্রাণও যদি বাঁচানো সম্ভব হয়, তাহলেই এ ধরনের মহড়া আয়োজনের সার্থকতা আসবে।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা মোহাম্মদ জাহিদ হাসান খান, সদর উপজেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা মোহাম্মদ আফতাবুল ইসলাম, বাবুরহাট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মোশারেফ হোসেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সিনিয়র স্টেশন কমান্ডার মন্টু বিশ্বাস এবং চাঁদপুর জেলা রেড ক্রিসেন্টের সাধারণ সম্পাদক ফয়সাল গাজী বাহার। এ ছাড়া চাঁদপুর পৌরসভার নির্বাহী কর্মকর্তা নুর আযম শরীফসহ বাবুরহাট স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন।
বাবুরহাট স্কুল অ্যান্ড কলেজের সিনিয়র শিক্ষক মাসুদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে দুর্যোগের ঝুঁকি মোকাবিলা, ভূমিকম্পের সময় করণীয় এবং অগ্নিকাণ্ড প্রতিরোধে সচেতনতার গুরুত্ব তুলে ধরা হয়। পাশাপাশি ভূমিকম্প ও অগ্নিকাণ্ডের মতো জরুরি পরিস্থিতিতে কীভাবে নিরাপদে থাকতে হবে, সে বিষয়ে অংশগ্রহণকারীদের বাস্তবধর্মী ধারণা দিতে মহড়া পরিচালনা করা হয়।
চাঁদপুর জেলা প্রশাসনের আয়োজনে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চাঁদপুরের সহযোগিতায় এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সদর উপজেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কার্যালয়ের অফিস সহকারী আল-আমিন, কেশব চন্দ্র দাস ও মো. নাছির আহমদ।
সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, এ ধরনের সচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি ও সচেতনতা বৃদ্ধি পাবে। একই সঙ্গে জরুরি পরিস্থিতিতে দ্রুত ও সঠিক পদক্ষেপ গ্রহণের সক্ষমতা বাড়বে এবং জানমালের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে।

খতমে নবুওয়ত সংরক্ষণ

মঙ্গলবার (১৩ অক্টোবর) চাঁদপুর শহরের দারুল ফজল ইসলামিয়া মাদরাসা মিলনায়তনে আয়োজিত কমিটি গঠন ও মতবিনিময় সভায় উপস্থিত ওলামায়ে কেরামের সর্বসম্মতিক্রমে এ কমিটি ঘোষণা করা হয়।
জেলা আহ্বায়ক মাওলানা খাজা আহমাদের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খতমে নবুওয়ত সংরক্ষণ কমিটি বাংলাদেশের আমির আল্লামা আব্দুল হামিদ পীর সাহেব মধুপুর। বিশেষ অতিথি ছিলেন সংগঠনের সিনিয়র নায়েবে আমির মাওলানা রশিদ আহমাদ, নায়েবে আমির মুফতি মুহাম্মদ আলী কাসেমী, যুগ্ম মহাসচিব মুফতি মিজানুর কাসেমী, সাংগঠনিক সম্পাদক মাওলানা আহমদ আলী ও সহ-দাওয়াহবিষয়ক সম্পাদক মুফতি হায়াত মাহমুদ জাকির।
সভায় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলার বিভিন্ন মাদরাসার শীর্ষস্থানীয় আলেমদের মধ্যে উজানী মাদরাসার মুহতামিম মাওলানা মাহবুব এলাহী, জাফরাবাদ মাদরাসার মুহতামিম মাওলানা খাজা আহমাদ, মাওলানা লেয়াকত আলী, মাওলানা আবু হানিফ, মাওলানা মাহবুবুর রহমান ও মাওলানা ইদ্রিসসহ জেলার আট থানার প্রতিনিধিরা।

অনৈতিক কর্মকাণ্ডে জড়ালে

শিক্ষার্থীদের ইন্টার্নশিপ কর্মসূচির অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অ্যাটর্নি জেনারেল বলেন, আইন পেশা শুধু জীবিকা নির্বাহের মাধ্যম নয়, ন্যায়বিচার প্রতিষ্ঠারও গুরুত্বপূর্ণ দায়িত্ব। একজন আইনজীবী শুধু মক্কেলের প্রতিনিধি নন, তিনি ন্যায়বিচার প্রতিষ্ঠায় সহায়তা করেন এবং আইনের শাসনের গুরুত্বপূর্ণ রক্ষক।
৩৫ বছর বয়সের পর আইনজীবী হওয়ার পথ বন্ধ হচ্ছে: আইনমন্ত্রী৩৫ বছর বয়সের পর আইনজীবী হওয়ার পথ বন্ধ হচ্ছে: আইনমন্ত্রী
তিনি বলেন, একজন আইনজীবীর সাফল্য শুধু মামলায় জয়লাভের মধ্যে সীমাবদ্ধ নয়। তার সততা, পেশাগত দক্ষতা, নিরপেক্ষতা ও নৈতিক অবস্থানের মধ্যেই প্রকৃত মর্যাদা নিহিত। আইনজীবীদের দায়িত্ব সম্পর্কে তিনি বলেন, মক্কেলের স্বার্থ রক্ষার পাশাপাশি সত্য ও ন্যায়ের প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে। তবে মিথ্যা তথ্য দিয়ে আদালতকে বিভ্রান্ত করা কিংবা ন্যায়বিচারের পথে বাধা সৃষ্টি করে মক্কেলের স্বার্থ রক্ষা করা যাবে না। পেশাগত সাফল্যের জন্য কোনও অনৈতিক পন্থাই গ্রহণযোগ্য নয়।
অনৈতিক কর্মকাণ্ডে জড়িত আইনজীবীদের সতর্ক করে রুহুল কুদ্দুস কাজল বলেন, কেউ যদি আইন পেশাকে শর্টকাট হিসেবে ব্যবহার করে নীতি-নৈতিকতা উপেক্ষা করে অল্প সময়ে অর্থ-সম্পদ ও প্রভাব-প্রতিপত্তি অর্জন করতে চান, তার বিরুদ্ধে বাংলাদেশ বার কাউন্সিল কঠোর অবস্থানে থাকবে।
তিনি বলেন, এ ধরনের কোনও ব্যক্তির বিরুদ্ধে যদি অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায়, তিনি পেশায় যত শক্তিশালীই হোন না কেন, বাংলাদেশ বার কাউন্সিল আইনের আওতায় তার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেবে। সুপ্রিম কোর্টে কয়েকজন আইনজীবীর অনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেছে জানিয়ে অ্যাটর্নি জেনারেল বলেন, এ বিষয়ে সুপ্রিম কোর্ট প্রশাসনের পক্ষ থেকেও দায়িত্ব পালন ও ব্যবস্থা নেওয়া হয়েছে।
'এজিও-ইউএনডিপি ইন্টার্নশিপ প্রোগ্রাম'-এর দ্বিতীয় ব্যাচের সমাপনী ও তৃতীয় ব্যাচের ইন্টার্নদের বরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ব্যারিস্টার জহরত আদিব চৌধুরী, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির আবাসিক প্রতিনিধি স্টিফেন রড্রিক্স এবং বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত নিকোলাস উইকসসহ অন্যরা।

শাহরাস্তিতে কৃষিজমি ভরাটের

সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সামছুজ্জামান।
ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, স্থানীয় বাসিন্দাদের অভিযোগের পরিপ্রেক্ষিতে মঙ্গলবার দুপুরে সরেজমিনে পরিদর্শন করে কৃষিজমি ভরাটের সত্যতা পাওয়া যায়। এসময় ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ ও কৃষিভূমি সংরক্ষণ আইন, ২০২৬ অনুসারে অভিযুক্ত সুভাষ বর্মনকে একলাখ টাকা জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত।
জরিমানা প্রাপ্ত সুভাষ বর্মন জেলার শাহরাস্তি উপজেলার শ্রীপুর এলাকার বাসিন্দা।
অভিযানকালে উপজেলা প্রশাসনের কর্মকর্তা-কর্মচারী ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন

হাইমচরে গাঁজা ও

করা হয়েছে। অন্যদিকে, একই দিন রাত ১১টার দিকে হাইমচর উপজেলার পূর্ব চরকৃষ্ণপুর এলাকার আলগী বাজার থেকে তেলির মোড়গামী সড়কে রিক (এনজিও) কার্যালয়ের সামনে অভিযান চালায় পুলিশের আরেকটি দল। এ সময় হাইমচর উপজেলার মহজমপুর এলাকার আবুল হাসেম (২৮) নামের এক ব্যক্তিকে আটক করা হয়। তাঁর হেফাজত থেকে দুই পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।
এ ঘটনায় হাইমচর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় আরেকটি মামলা দায়ের করা হয়।
হাইমচর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শাহ্ আলম, পিপিএম-সেবার সার্বিক দিকনির্দেশনায় পৃথক অভিযান দুটি পরিচালিত হয়। গাঁজা উদ্ধারের অভিযানে পিএসআই সৌরভ দাশ এবং ইয়াবা উদ্ধারের অভিযানে এসআই আমিনুর রহমান সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে দায়িত্ব পালন করেন।
পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, গ্রেপ্তার দু'জনকে মঙ্গলবার (১৩ অক্টোবর) যথাযথ পুলিশি পাহারায় আদালতে পাঠানো হয়েছে।

চাঁদপুরে ব্যবসায়ী কাজী

জানায় ,একাধিকবার জাতীয় স্বর্ণপদকপ্রাপ্ত ফাতেমা বেগমের দোকান ১২ বছর আগে ভাড়া নেন কাজী হুমায়ুন। চুক্তি অনুযায়ী ৩ বছর আগে দোকানের মেয়াদ শেষ হয়ে যায়। ফলে নিয়ম অনুযায়ী দোকান মালিক ফাতেমা বেগম কয়েক বার তাকে তাগাদা দিলেও দোকানের ডিট নতুন করে করেনি। এমনকি বিগত ১ বছর ধরে কোন ভাড়াও দেননি। দোকান ছেড়ে দেওয়ার কথা বললেও নিজেকে বিএনপির বড় নেতা পরিচয় দিয়ে দোকান ছাড়তে অস্বীকৃতি জানান। ফলে বাধ্য হয়ে আমরা আইনগত ব্যবস্থা নেই। এতে ক্ষিপ্ত হয়ে কাজী হুমায়ুনের ছেলে সিয়াম কাজী কিশোর গ্যাং নিয়ে গতকাল রাত সাড়ে ১০টায় আলিম পাড়ায় দোকান মালিক ফাতেমা বেগমের ভাইয়ের ছেলে এলিনকে একা পেয়ে মারধর করে। পরে এলিনকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে চিকিৎসা করানো হয়। আহত এলিন বাদী হয়ে মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। পরে মডেল থানা পুলিশ কাজী হুমায়ুনকে আটক করে।
লিখিত অভিযোগে তিনি উল্লেখ করেন, আমি নিম্ন স্বাক্ষরকারী সাজ্জাদ হোসেন এলিন (৩৪), পিতা: মৃত.আবুল কাশেম, সাং নাজিরপাড়া, ১২নং ওয়ার্ড, চাঁদপুর পৌরসভা, চাঁদপুর। এই মর্মে অভিযোগ দায়ের করিতেছি যে, উক্ত বিবাদী খুবই খারাপ প্রকৃতির দুষ্ট, ঝগড়াটে, লাঠিয়াল, সন্ত্রাসী লোক। আমি চাঁদপুর পৌরসভাধীন ১০নং ওয়ার্ডস্থ বালুর মাঠ বঙ্গবন্ধু সড়কে দীর্ঘদিন ধরিয়া ব্যবসা পরিচালনা করিয়া আসিতেছি। উক্ত বিবাদী ও চাঁদপুর সদর মডেল থানাধীন ০৮নং ওয়ার্ডস্থ ছায়াবানী লেকের পাড়ে আমার ফুফুর মালিকানা দোকানে ব্যবসা পরিচালনা করিয়া আসিতেছে। বিবাদী আমার ফুফুর কাছ থেকে প্রায় ১২ বছর পূর্বে দোকান ভাড়া নেন। পরবর্তীতে কয়েকবছর যাওয়ার পর বিবাদী আমার ফুফুকে ভাড়া ঠিকমতো পরিশোধ করিতো না। আমার ফুফু বিবাদীর কাছে ভাড়া চাহিতে গেলে বিবাদী আমার ফুফুর সাথে খারাপ আচরণ করিতো এবং আমার ফুফুকে বিভিন্ন ধরনের হুমকি প্রদান করিতো। পরবর্তীর্তে আমার ফুফু গত কয়েকদিন আগে আমাকে বিষয়টি জানান এবং আমাকে নিয়ে চাঁদপুর মডেল থানায় বিবাদীর বিরুদ্ধে একখানা অভিযোগ দায়ের করেন। অভিযোগ দায়ের করার পর উক্ত বিবাদী আমার উপর ক্ষিপ্ত হইয়া আমাকে সন্দেহ করিয়া বিভিন্ন সময়ে আমার সাথে ঝগড়া করার জন্য পায়তারা করেন। ১৩/১০/২০২৬ইং তারিখ রাত আনুমানিক ১০.৩০ ঘটিকায় আমি আমার দোকানের জন্য মালামাল ক্রয় করিবার জন্য উক্ত ঘটনাস্থল দিয়ে যাওয়ার সময়ে বিবাদী আমাকে একা পেয়ে আমাকে অকথ্য ভাষায় গালাগাল করে এবং গালাগালির এক পর্যায়ে বিবাদীসহ অজ্ঞাত ০৮/১০জন লোক আমার উপর ক্ষিপ্ত হয়ে অর্তকিত হামলা করেন। বিবাদীরা আমাকে ঘুষি দিয়ে মাটিতে ফেলিয়া আমাকে এলোপাথারী লাথি এবং আমার কানের মধ্যে এলোপাথারী বিল, ঘুষি মারেন এবং লাঠি দিয়ে আমার শরীরের বিভিন্ন জায়গায় আঘাত করিয়া শরীরের বিভিন্ন জায়গায় নীলাম্বুলা জখম করেন। বিবাদীদের মারধরে আমার হাতে চোখে এবং কোমড়েসহ আমার কানের মধ্যে মারাত্মক আঘাতপ্রাপ্ত হয় এবং মাটিতে পড়া অবস্থায় বিবাদী আমাকে হত্যা উদ্দেশ্যে করিয়া আমার গলায় চাপা দিয়ে ধরিলে আমি চিৎকার করিলে আশেপাশের লোকজন আসিয়া বিবাদীর কবল থেকে আমাকে রক্ষা করিয়া চাঁদপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসা জন্য নিয়ে আসেন। যাহার এমসি নং-৮৮২৮০/৩৭০। আমাকে মারধর করার পর বিবাদী প্রকাশ্যে আমাকে হুমকি দিয়ে বলে আমি যে আমার ফুফু দোকানের বিষয়ে কোন কথা বলি তাহলে বিবাদী আমাকে হত্যা করিয়া আমার লাশ নদীতে ভাসিয়ে দিবে। এই বিষয়ে আমি আমার পরিবার এবং আশেপাশের গন্যমান্য ব্যক্তিদের জানাইয়া বিবাদীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করিলাম।

সংবাদপত্রের সরকারি

মঙ্গলবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে জারি করা এক পরিপত্রে এ সিদ্ধান্তের কথা জানানো হয়।
পরিপত্র অনুযায়ী, সংবাদপত্রের প্রচার সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে সরকারি বিজ্ঞাপনের মূল্য নির্দিষ্ট হারে বাড়বে। তবে প্রতিটি শ্রেণির সংবাদপত্রের জন্য সর্বোচ্চ বিজ্ঞাপন মূল্যসীমাও নির্ধারণ করে দেওয়া হয়েছে।
ঢাকা, চট্টগ্রাম ও সিলেটের সংবাদপত্র
ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগীয় শহর থেকে প্রকাশিত দৈনিক সংবাদপত্রের প্রচার সংখ্যা ৬ হাজার থেকে ৭ হাজার হলে বিজ্ঞাপনের হার নির্ধারণ করা হয়েছে ৪৫০ টাকা।
প্রচার সংখ্যা ৭ হাজার ১ থেকে ৩০ হাজার হলে প্রতি হাজারে ৭ টাকা করে বিজ্ঞাপনের হার বাড়বে। ৩০ হাজার ১ থেকে ৫০ হাজার প্রচার সংখ্যার ক্ষেত্রে প্রতি হাজারে ৬ টাকা এবং ৫০ হাজার ১ থেকে ৯০ হাজারের ক্ষেত্রে প্রতি হাজারে ৫ টাকা করে বাড়বে। প্রচার সংখ্যা ৯০ হাজার ১ বা তার বেশি হলে প্রতি হাজারে ৪ টাকা হারে বিজ্ঞাপনের মূল্য বাড়বে। এ শ্রেণির সংবাদপত্রের বিজ্ঞাপনের সর্বোচ্চ হার নির্ধারণ করা হয়েছে ১ হাজার ১০০ টাকা।
অন্যান্য বিভাগীয় শহরের সংবাদপত্র
ঢাকা, চট্টগ্রাম ও সিলেট ছাড়া অন্যান্য বিভাগীয় শহর থেকে প্রকাশিত দৈনিক সংবাদপত্রের প্রচার সংখ্যা ৪ হাজার থেকে ৫ হাজার হলে বিজ্ঞাপনের হার হবে ৪২০ টাকা।
প্রচার সংখ্যা ৫ হাজার ১ থেকে ৩০ হাজার হলে প্রতি হাজারে ৬ টাকা, ৩০ হাজার ১ থেকে ৫০ হাজার হলে প্রতি হাজারে ৫ টাকা এবং ৫০ হাজার ১ বা তার বেশি হলে প্রতি হাজারে ৪ টাকা হারে বিজ্ঞাপনের মূল্য বাড়বে। এ শ্রেণির সংবাদপত্রের বিজ্ঞাপনের সর্বোচ্চ হার নির্ধারণ করা হয়েছে ৮৫০ টাকা।
জেলা শহর ও অন্যান্য অঞ্চলের সংবাদপত্র
জেলা শহর ও অন্যান্য স্থান থেকে প্রকাশিত দৈনিক সংবাদপত্রের প্রচার সংখ্যা ৩ হাজার থেকে ৪ হাজার হলে বিজ্ঞাপনের হার হবে ৪০০ টাকা।
প্রচার সংখ্যা ৪ হাজার ১ থেকে ৩০ হাজার হলে প্রতি হাজারে ৬ টাকা এবং ৩০ হাজার ১ বা তার বেশি হলে প্রতি হাজারে ৫ টাকা হারে বিজ্ঞাপনের মূল্য বাড়বে। এ শ্রেণির সংবাদপত্রের বিজ্ঞাপনের সর্বোচ্চ হার নির্ধারণ করা হয়েছে ৮০০ টাকা।
পরিপত্রে আরও বলা হয়েছে, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট থেকে প্রকাশিত অর্ধসাপ্তাহিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক ও ত্রৈমাসিক পত্রিকা বা সাময়িকীর বিজ্ঞাপন মূল্যহারও পুনর্নির্ধারণ করা হয়েছে। একইভাবে জেলা শহর ও অন্যান্য স্থান থেকে প্রকাশিত এসব পত্রিকা ও সাময়িকীর জন্যও নতুন বিজ্ঞাপন মূল্যহার নির্ধারণ করেছে সরকার।

নিয়মিত গ্যাসের ঔষধ খেলে সৃষ্টি হতে পারে যেসব স্বাস্থ্য ঝুঁকি

দিগন্ত ডেস্ক

বুকজ্বালা, টক ঢেঁকুর বা গ্যাস হলেই অনেকেই নিজের মতো করে গ্যাসের ওষুধ খেয়ে নেন। কিছু ক্ষেত্রে এসব ওষুধ দ্রুত স্বস্তি দিতে পারে। তবে সমস্যা দেখা দিতে পারে যখন চিকিৎসকের পরামর্শ ছাড়া দীর্ঘদিন ধরে নিয়মিতভাবে ওষুধ সেবন করা হয়। গ্যাসের জন্য ব্যবহৃত অনেক ওষুধ পাকস্থলীর অ্যাসিডের পরিমাণ কমিয়ে উপসর্গ নিয়ন্ত্রণে সাহায্য করে। নির্দিষ্ট রোগ বা পরিস্থিতিতে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী এগুলো বেশ কার্যকর। কিন্তু দীর্ঘদিন প্রয়োজনের চেয়ে বেশি সময় ধরে সেবন করলে কিছু পার্শ্বপ্রতিক্রিয়ার ঝুঁকি তৈরি হতে পারে।
দীর্ঘদিন খেলে কী হতে পারে?
অ্যাসিড কমানোর কিছু ওষুধ দীর্ঘদিন ব্যবহারের সঙ্গে কয়েকটি স্বাস্থ্যঝুঁকির সম্পর্ক পাওয়া গেছে। যেমন-
১. ভিটামিন বি১২-এর ঘাটতি
পাকস্থলীর অ্যাসিড খাবার থেকে ভিটামিন বি১২ শোষণের প্রক্রিয়ায় ভূমিকা রাখে। দীর্ঘদিন অ্যাসিড কমানোর ওষুধ ব্যবহারে কিছু মানুষের ক্ষেত্রে বি১২-এর ঘাটতির ঝুঁকি বাড়তে পারে।
২. ম্যাগনেশিয়ামের মাত্রা কমে যাওয়া
দীর্ঘমেয়াদি ব্যবহারের ক্ষেত্রে শরীরে ম্যাগনেশিয়ামের ঘাটতি হওয়ার ঝুঁকিও বিবেচনায় রাখা হয়।
৩. কিডনির সমস্যা
কিছু মানুষের ক্ষেত্রে দীর্ঘদিন নির্দিষ্ট ধরনের অ্যাসিড-নিয়ন্ত্রণকারী ওষুধ ব্যবহারের সঙ্গে কিডনির সমস্যার সম্পর্ক দেখা গেছে। তাই দীর্ঘমেয়াদি ব্যবহারে চিকিৎসকের পরামর্শ গুরুত্বপূর্ণ।
৪. হাড়ের স্বাস্থ্যে প্রভাব
দীর্ঘদিন নির্দিষ্ট কিছু অ্যাসিড কমানোর ওষুধ ব্যবহার করলে কিছু মানুষের ক্ষেত্রে হাড় ভাঙার ঝুঁকি বাড়তে পারে। বিশেষ করে অন্যান্য ঝুঁকি থাকলে।
শুধু ওষুধ খেয়ে উপসর্গ চাপা দেবেন না
বারবার এসিডিটি বা বুকজ্বালা হলে শুধু ওষুধ খেয়ে উপসর্গ নিয়ন্ত্রণ করাই যথেষ্ট নয়। এর পেছনে খাদ্যাভ্যাস, জীবনযাপন বা অন্য কোনও শারীরিক সমস্যাও থাকতে পারে। তাই সমস্যা বারবার হলে কারণটি খুঁজে বের করা জরুরি। বিশেষ করে কিছু লক্ষণ থাকলে চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। যেমন- খাবার বা পানি গিলতে কষ্ট হওয়া, কারণ ছাড়াই ওজন কমে যাওয়া, বমিতে রক্ত দেখা, কালো বা আলকাতরার মতো মল হওয়া, রক্তাল্পতা ধরা পড়া ও রাতে ঘুম ভেঙে যাওয়ার মতো তীব্র বুকজ্বালা।
গ্যাসের ওষুধ কি তাহলে খাওয়া যাবে না?
অবশ্যই নয়। প্রয়োজন অনুযায়ী চিকিৎসকের পরামর্শে গ্যাসের ওষুধ ব্যবহার করা যায় এবং অনেক ক্ষেত্রেই এগুলো উপকারী। তবে নিজে থেকে মাসের পর মাস বা বছরের পর বছর নিয়মিত খেয়ে যাওয়ার অভ্যাস ঠিক নয়। বারবার এসিডিটি হলে ওষুধের নাম ও মাত্রা নিজের মতো করে পরিবর্তন না করে চিকিৎসকের সঙ্গে কথা বলুন। আপনার জন্য কতদিন ওষুধ প্রয়োজন, সেটিও চিকিৎসকই নির্ধারণ করবেন।

সর্দি-কাশি হলে কি ঠান্ডা খাওয়া নিরাপদ?

দিগন্ত ডেস্ক

জ্বর, সর্দি কিংবা কাশি হলেই অনেকের প্রথম পরামর্শ হলো 'ঠান্ডা কিছু খেয়ো না!' আইসক্রিম, কোল্ড ড্রিঙ্কস তো দূরের কথা, ফ্রিজের পানি খেলেও যেন বিপদ। প্রচলিত ধারণা হলো, ঠান্ডা খাবার খেলেই শরীরে কফ বা শ্লেষ্মা জমবে, সর্দি বাড়বে এবং ভাইরাসের প্রকোপ আরও বেড়ে যাবে। কিন্তু সত্যিই কি বিষয়টি এমন?
মেডিসিন বিশেষজ্ঞদের মতে, সর্দি-জ্বর হলেই ঠান্ডা খাবার পুরোপুরি বন্ধ করে দিতে হবেনা। সাধারণ সর্দি-জ্বরের জন্য দায়ী ভাইরাসের সঙ্গে আইসক্রিম বা ঠান্ডা পানীয় পানে সরাসরি সম্পর্ক নেই। অর্থাৎ আইসক্রিম খেলে ভাইরাসের সংক্রমণ বেড়ে যাবে বা শরীরে বেশি কফ তৈরি হবে-এমন ধারণার পক্ষে শক্ত বৈজ্ঞানিক প্রমাণ নেই। তবে এখানেই রয়েছে একটি গুরুত্বপূর্ণ বিষয়। ঠান্ডা খাবার বা পানীয় প্রত্যেকের শরীরে একইভাবে প্রভাব ফেলে না। কারো ক্ষেত্রে আইসক্রিম বা ঠান্ডা পানি খেলে গলায় সাময়িক স্বস্তি মিলতে পারে, আবার কারো গলায় খুশখুশে ভাব, অস্বস্তি কিংবা কাশি বেড়ে যেতে পারে। আপনার শরীরে কোনটি কীভাবে প্রতিক্রিয়া করছে, সেটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ।
ঠান্ডা খাবারে কি কফ জমে?
দুধ, দই কিংবা অন্যান্য দুগ্ধজাত খাবার খেলে শরীরে অতিরিক্ত মিউকাস তৈরি হয়, এমন ধারণা অনেক দিনের। কিন্তু সাধারণভাবে দুগ্ধজাত খাবার শরীরে কফ উৎপাদন বাড়ায়, এমন নির্ভরযোগ্য বৈজ্ঞানিক প্রমাণ নেই। তবে দুধ বা আইসক্রিম খাওয়ার পর মুখ ও গলায় সাময়িকভাবে ঘন বা আবরণযুক্ত অনুভূতি হতে পারে।
সর্দি হলে আইসক্রিম খাওয়া যাবে?
আইসক্রিম ঠান্ডা হওয়ায় খাওয়ার সময় মুখ ও গলায় শীতল অনুভূতি তৈরি করতেই পারে। কিন্তু সেটি শরীরের ভেতরে গিয়ে ঠান্ডা 'জমিয়ে' রাখে না। খাবার হজমের সময় শরীর স্বাভাবিকভাবেই শক্তি ব্যবহার করে এবং তাপ উৎপন্ন করে। তাই আইসক্রিম খাওয়ার পর পাওয়া ঠান্ডা অনুভূতিকে শরীরের তাপমাত্রা কমে যাওয়ার সঙ্গে এক করে দেখা ঠিক নয়। তবে আইসক্রিমে সাধারণত চিনি ও ফ্যাট থাকে। তাই অতিরিক্ত খেলে বাড়তি ক্যালরি গ্রহণের বিষয়টি মাথায় রাখতে হবে। একই কথা প্রযোজ্য কোল্ড ড্রিঙ্কসের ক্ষেত্রেও। এগুলো সর্দি-জ্বরের ভাইরাস বাড়ায় না, কিন্তু অতিরিক্ত চিনি ও ক্যালোরির কারণে নিয়মিত খাওয়ার অভ্যাস স্বাস্থ্যকর নয়।
কখন ঠান্ডা খাবার এড়িয়ে চলবেন?
সর্দি-কাশির সময় আইসক্রিম বা ঠান্ডা পানীয় খাওয়ার পর যদি আপনার গলায় অস্বস্তি, খুশখুশে ভাব বা কাশি বেড়ে যায়, তাহলে কয়েক দিন এগুলো এড়িয়ে চলাই ভালো। আবার খেলে যদি কোনো অস্বস্তি না হয়, শুধু 'ঠান্ডা খাবার খেলেই কফ জমবে'-এই ভয়ে তা পুরোপুরি বাদ দেওয়ার প্রয়োজন নেই। অসুস্থ অবস্থায় শরীরকে আরাম দেওয়া এবং পর্যাপ্ত তরল গ্রহণ করাই বেশি গুরুত্বপূর্ণ। গলা অস্বস্তিকর লাগলে ঈষদুষ্ণ পানি, স্যুপ বা পছন্দের উষ্ণ পানীয় আরাম দিতে পারে। পর্যাপ্ত পানি পান করাও জরুরি। আর সর্দি-কাশি হলে শুধু খাবারের তাপমাত্রার দিকে নজর দিলেই হবে না। পর্যাপ্ত বিশ্রাম, পানি পান এবং প্রয়োজন হলে চিকিৎসকের পরামর্শ নেওয়াও গুরুত্বপূর্ণ। জ্বর দীর্ঘস্থায়ী হলে, শ্বাসকষ্ট, বুকব্যথা বা গুরুতর উপসর্গ দেখা দিলে অবশ্যই চিকিৎসকের শরণাপন্ন হতে হবে।
নিজের শরীরের প্রতিক্রিয়া বুঝে খাবার বেছে নিন। ঠান্ডা খাবারে অস্বস্তি হলে এড়িয়ে চলুন, আর না হলে পরিমিত পরিমাণে খাওয়া নিয়ে অযথা ভয় পাওয়ার কারণ নেই।